মাতৃকাভেদতন্ত্ৰম্

(মূল সংস্কৃত ও বঙ্গানুবাদ সমেত)

অধ্যাপক শ্রীহেমন্তকুমার তর্কতীর্থ

রাষ্ট্রিয় সংস্কৃত মহাবিদ্যালয় (মহাচার্য বিভাগ), কলিকাতা সম্পাদিত

নবভারত



পাবলিশার্স

৭২ডি, মহাত্মা গান্ধী রোড, কোলকাতা-৭০০ ০০৯

মাতৃকাভেদতন্ত্ৰম্

(মূল সংস্কৃত ও বঙ্গানুবাদ সমেত)

অধ্যাপক শ্রীহেমস্তকুমার তর্কতীর্থ বাষ্ট্রির সংক্ষত মহাবিল্লালয় (মহাগর্ধ্য বিভাগ), কলিকাতা সম্পাদিত

নবভারত



পাবলিশার্স

৭২ডি, মহাত্মা গান্ধী রোড, কোলকাতা-৭০০ ০০৯

নবভারত প্রথম সংস্করণ বৈশাখ, ১৩৮৫

প্রকাশক কর্তৃক সর্ব্বসত্ব সংরক্ষিত।
দ্বিতীয় নবভারত সংস্করণ, ১লা বৈশাখ ১৪২০

ঃ গ্রন্থসত্ব ঃ নবভারত পাবলিশার্স ৭২ডি, মহাত্মা গান্ধী রোড কোলকাতা - ৭০০ ০০৯

ঃ প্রকাশক ঃ শ্রীমতী রত্না সাহা ও সুজিত সাহা

> ঃ মুদ্রক ঃ সুবোধ চন্দ্র দে ৪৭/৪৯ মাদারিপুরপল্লী

ঃ বাইণ্ডিং ঃ মা সারদা বুক বাইণ্ডিং ৪৭/৪৯ মাদারিপুরপল্লী কোলকাতা - ১১৮

মূল্য ৫০ টাকা

বিষ্ণুক্বরিষ্ঠো দেবানাং হ্রদানামুদ্ধির্যথা।
নদীনাঞ্চ যথা গঙ্গা পর্বতানাং হিমালয়ঃ॥
অশ্বত্যঃ সর্ববৃক্ষাণাং রাজ্ঞামিন্দ্রো যথা বরঃ।
দেবীনাঞ্চ যথা তুর্গা বর্ণানাং ব্রাহ্মণো যথা।
তথা সমস্তশাস্ত্রাণাং তন্ত্রশাস্ত্রমস্ত্রমম্॥
—মৎস্তস্তে

যদ্গৃহে নিবসেত্তম্বং তত্র লক্ষ্মীঃ স্থিরায়তে।
রাজদ্বারে শাশানে চ সভায়াং রণমধ্যতঃ॥
নির্জ্জনে চ জলে ঘোরে শ্বাপদৈঃ পরিভূষিতে।
মাহাত্ম্যাত্তস্য দেবেশি চমৎকারী ভবেৎ প্রিয়ে॥
—বৃহন্নীলতম্বে

অন্যান্যশাস্ত্রেষু বিনোদমাত্রং, ন তেষু কিঞ্চিত্রবি দৃষ্টমস্তি।
চিকিৎসিতজ্যোতিষতন্ত্রবাদাঃ, পদে পদে প্রত্যয়মাবহন্তি॥

নিবেদন

এই মাতৃকাভেদতন্ত্রটী ইতিপ্র্বেও মুদ্রিত ও প্রকাশিত হইয়াছিল। মেট্রো-পলিটান প্রিন্টিং এণ্ড পাবলিশিং হাউদ্ হইতেও ইহার মুদ্রিত সংস্করণ প্রকাশিত হইয়াছিল। তাঁহারা তিনখানি হস্তলিখিত ও ছইখানি প্র্রমুদ্রিত, মোট পাঁচ-খানি প্রক হইতে পাঠাভরাদি সংকলনপ্র্বেক পুস্তকটী মুদ্রিত করিয়াছিলেন। আমরা ঐ পুস্তকই আদর্শরূপে গ্রহণ করিয়া এবং ঐ পাঠাভর হইতে কোখাও কোখাও কোন পাঠ বিভন্ধ মনে হওয়ায় তাহা মূলে সন্নিবেশিত করিয়াছি।

এই তত্ত্বে প্রদক্ষতঃ কৃত্রিম মুর্ণ ও রৌপ্য প্রস্তুত করিবার প্রণালী কথিত হওয়াম একদা ইহা খুবই আকর্ষণজনক বলিয়া বিবেচিত হইয়াছিল। কিন্তু দে প্রণালী খুব সহজ নহে এবং সাধন-সাপেক্ষ।

তন্ত্রীর মাতৃকাভেদ এই নাম-করণের সার্থকতা আমাদের আদর্শ পুস্তকের সম্পাদক মহাশয় খু'জিয়া পান নাই। আমার মনে হয়, ইহার সর্বরেই এই নামের সার্থকতার বীজ রহিয়াছে। 'মাতৃকা' শব্দে একটী প্রকৃতি বা কারণীভূত বস্তু ধরা যাইতে পারে এবং তাহার ভেদ বলিতে বিকৃতি বা কার্য্য-বস্তু ধরা যাইতে পারে।

এখানে একটা তাম্ররপ প্রকৃতি বা কারণবস্তু বিভিন্ন বস্তু সহযোগে প্রক্রিয়া-ভেদে স্বর্ণ ও রৌপ্য ইত্যাদি বিভিন্ন পদার্থে পরিণতি লাভ করিতে পারে—ইহা দেখান হইয়াছে। গ্রন্থের প্রারম্ভেই এই প্রসঙ্গের অবতারণা হইয়াছে।

যে-ভোগ লাল্সার বর্দ্ধক বলিয়া সর্বত নিন্দিত ও পরিত্যাজ্য বলা চইয়াছে, 'ত্যাগাং শান্তিঃ' বলিয়া যাহার ত্যাগকেই অমৃতত্ব লাভের উপায়রূপে সর্বত্ব অভিহিত করা হইয়াছে, এখানে সেই ভোগকেই মোক্ষ প্রাপ্তির উপায়-রূপে কীর্ত্তন ও তাহা সমর্থন করা হইয়াছে। তৃতীয় পটলের দ্বিতীয় শ্লোকে বলা হইয়াছে—

ভোগেন লভতে যোগং ভোগেন কুলসাধনম্। ভোগেন সিদ্ধিমাপ্লোতি ভোগেন মোক্ষমাপ্লয়াং॥

ইহাকেও মাতৃকাভেদ বা একই কারণের কার্যা-বৈচিত্র্য কিংবা একই কার্য্যের কারণ-বৈচিত্র্যরূপে ব্যাখ্যা করা যাইতে পারে। এইরূপ, দশম পটলে যে গুরু, মন্ত্র ও দেবতার ঐক্যের কথা বলা হইয়াছে, তাহাতেও একই মাতৃকার

[4

(তত্ত্বের) গুরু, মন্ত্র ও দেবতারূপে ভিন্ন ভিন্ন প্রকাশের কথাই পাওয়া যায়। বহিঃপ্রপঞ্চরূপে প্রকাশের বিভিন্নতা থাকিলেও মাতৃকা বা মূলতত্ত্বের অভেদ এইরূপ অর্থেও 'মাতৃকাভেদ' শক্টীর প্রয়োগ হইতে পারে।

যাহাই হউক, এই প্রাচীন তন্ত্রটীর অনুবাদে যদি গ্রন্থের তাৎপর্য্য যথাযথ প্রকাশ পাইয়া থাকে তবেই আমার শ্রম ও প্রকাশকের অর্থব্যয় সার্থক মনে করিব। নবভারত পাবলিশার্দের কর্তৃপক্ষ তন্ত্র-প্রাণাদি ও নানা সংস্কৃত গ্রন্থের প্রকাশনায় প্রতী হইয়া সংস্কৃতানুরাগী ও তন্ত্রার্থ-বৃভূৎসু জ্বনগণের ধ্যুবাদের পাত্র হইরাছেন। আমরা তাঁহাদের কল্যাণ কামনা করি, তাঁহাদের এই সাধ্প্রচেষ্টা সাফল্যমণ্ডিত হউক এই প্রার্থনা করি এবং ক্রটীবিচ্যুতির জন্ম বিহংসমাজের ক্ষমা লাভের আশা করি।

বিনীত শ্রীহেমন্ত কুমার তর্কতীর্থ

সূচীপত্ৰ

্ম পটল-কি প্রকারে স্বর্ণ রত্নাদি পাওয়া যায় তাহার উপায় কথন,	
মদ্য কি প্রকারে হৃদ্ধ হুইয়া যায় এবং উহা কি প্রকারে	
গদ্ধহীন হয়, ভাহার বিবরণ।	;
২য় পটল—পুতাদি উৎপত্তির কারণ। ৫-৭	l
৩য় পটল—ভোণের দারা মোক্ষপ্রাপ্তির উপায় কথন, হোমকৃণ্ড কি	
প্রকার, মলপানে মহাপুণ্যের কথা বর্ণন-শাপমোচন-	
মাতেই সুরা মুক্তিপ্রদায়িনী হয়। ৮-১৪	}
৪র্থ পটল—কারণের ঘারা মহামোক্ষের কথা ওনিয়া দেবীর প্রশ্ন ও	
শ্রীশঙ্করের উত্তর, কারণস্পর্শে মালা কি করিয়া ওছ হয়	
এবং গঙ্গাম্পর্শে কাষ্ঠবং হয় কেন—দেবীর প্রয়ে শ্রীশঙ্করের	
উত্তরদান। ১৫-১১	٥
৫ম পটল—পারদের ভস্ম কিভাবে নির্মাণ করিতে হয়, ভাহার উপায়	
কথন। শ্রমুজু, স্বপুষ্প প্রভৃতির বিবরণ। ২০-২০	ķ
৬৪ পটল—মহারোগ, তৃঃখ, দারিদ্রা, নানাব্যাধি, রাজভয়, গ্রহপীড়াদি	
হইতে মুক্তির উপায় কথন, গ্রহণ-কাল পুণ্য কেন, তাহার	
উত্তর, চামুণ্ডার মন্ত্র ও আরাধনার বিস্তৃত বিবরণ। ২৬-৩৫	ż
৭ম পটল—ত্তিপুরার মন্ত্র ও আরাধনা প্রণালী, শ্রীগুরু ও স্ত্রীগুরুর কবচ	
ও স্তোতাদি-ক্থন, সন্ধার ধ্যান, কোন আধারে শভুর	
আরাধনা করিতে হইবে তাহার বিধান, লিঙ্গের প্রমাণ,	
পার্থিব ও শিলাদিতে বিশেষ কথন। ৩৬-৪	8
৮ম প্টল-শ্ববীজ পারদ পূর্ণলিজ্যরপ, শিলার মধ্যে লক্ষ্মীনারায়ণ	
চক্রের শ্রেষ্ঠত কথন, শিববীজ পারদের মহিমা কথন, পারদ	10
শিবনির্মাণে নানা বিদের জন্ম শান্তিয়ন্তায়নের বিধান। ৪৫-৪	5
৯ম পটল-পারদ ভম্ম নির্মাণের প্রণালী ও পৃজাদি কথন। ৫০-৫	•
১০ম পটল- গুরু নররপী, মন্ত্র বর্ণরপী, দেবতা ধ্যানমন্ত্রের অনুরূপ	
রূপদম্পন্ন, ইঁহাদের একত্ব কিভাবে সম্ভব তাহার উত্তর	

मान, महारम्द्वत धानामि ७ विमान-अभानो कथन।

08-49

১১শ পটল—প্রাসাদ, মণ্ডপ, ভড়াগ, কৃপ প্রড়ভি কিভাবে উংসর্গ করিতে হইবে ভাহার বিবরণ, ঋক্, ষজ্ ও সামবেদীয় যজ্ঞসূত্র নির্মাণের বিধান।

২২শ পটল—শালগ্রাম, মণি, যন্ত্র, প্রতিমা, ঘট, জল, পুস্তক, গঙ্গা প্রভৃতি
পূজার আধারের বৈশিষ্ট্য কথন, ব্রহ্মশক্তি ভারা, ত্রিপুরা
পরম বৈষ্ণবী, ভারা কিরুপে শাকস্তরী ও ত্রিপুরা কিরুপে
শস্তুশক্তি হইলেন—ভাহার বিবরণ, মন্ত্রগ্রহণ করিয়াও
লোকে কেন উন্মাদ ও রোগগ্রস্ত হয় এবং ভাহার
প্রতিকারের উপায় কথন। অভক্তি, অক্ষরভ্রান্তি, লুপ্তভা,
ছিল্লভা, ত্রন্থ, দীর্ঘ, কথন ও স্বপ্রকথন—এই আটপ্রকার
মন্ত্রচ্লভার বিবরণ ও ভাহার শান্তির উপায় বর্ণনা। ৬৫-৭৫

১৩শ পটল – মালায় জ্বপ কি প্রকার, কোন দেবতার কি মালা, তাহার বিবরণ, মহাশভ্য মালায় মহতী সিদ্ধির কথা, মালার কম্পন, করভ্রষ্টতা, ছিল্লতা প্রভৃতির দোষ কথন ও তাহার প্রতিকার।

১৪শ পটল—মন্ত্র ধারণ করামাত্র জীবাত্মা কুগুলিনীমধ্যে প্রদীপকলিকার ফার ভন্মর হইয়া যায়। কুগুলিনী দেহমধ্যে
অবস্থিত হইয়াও ইফটদেবতারূপিণী। তিনি দেহস্থিতা
হইয়া সুখ হঃখ ভোগ করেন, তাহাতে সাধকের কি?
ইত্যাদি দেবীর প্রশ্নোত্তরে দিব্য, বীর ও পশুভেদে সাধকের
ত্রিবিধ ভোগের কথা বর্ণনা। শ্রীমদগ্রুক্-পাহ্কান্তোত্ত। ৮০-৯১

ওঁ নমঃ শিবায়

মাতৃকাভেদতন্ত্ৰম্

প্রথমঃ পটলঃ

उँ नत्मा (मरेवा

কৈলাসশিখরে রম্যে নানারত্মোপশোভিতে। পপ্রচ্ছ পরয়া ভক্ত্যা ভৈরবং পরমেশ্বরম্॥ ১

শ্রীচণ্ডিকোবাচ—
ব্রিপুরাপুজনং নাথ স্বর্ণরত্বৈর্বিশেষতঃ।
কলিকালে স্বর্ণরূপ্যং গুপুভাবং তথা স্মিণিঃ॥ ২
কেনোপায়েন দেবেশ স্বর্ণরূপ্যাদি লভ্যতে।
তদ্ বদস্ব বিশেষেণ যথা রত্নাদিকং ভবেং॥ ৩
যান্নোক্তং সর্ব্বতন্ত্রেষু তদ্ বদস্ব দ্যানিধে॥ ৪

শ্রীশঙ্কর উবাচ—
শ্বু দেবি ! প্রবক্ষ্যামি যথা রত্মাদিকং ভবেৎ।
মত্তেজসা পারদেন কিং রত্নং নহি লভ্যতে ?॥ ৫

একদা নানারত্ব পরিশোভিত রমণীয় কৈলাসশিখরে দেবী পার্ববতী মহাদেবকে নানাকথা জিজ্ঞাসা করিতেছিলেন। ১

দেবী বলিয়াছিলেন—হে নাথ! ত্রিপুরাদেবীর আরাধনা বিশেষভাবে বর্ণ-রত্নাদি দ্বারা করিতে হয়। কলিকালে সোনা, রূপা ও রত্ন ইহাদের অন্তিহ অভিশয় গুপু বা বিরল। ২

হে দেবেশ্বর ! কি উপায়ে শ্বর্ণ-রোপ্যাদি পাওয়া ষাইতে পারে ভাহ। কোন তল্পে বলেন নাই। হে কৃপানিধি! যে উপায়ে রত্নাদি পাওয়া যাইতে পারে ভাহা বিশেষভাবে বলুন। ৩-৪

শক্ষর বলিলেন—হে দেবি ! যাহাতে র্জাদি পাওয়া যাইতে পারে ভাহা

১। মণিশ্ ইতি সর্বাত্ত পাঠো দৃশ্যতে।

ज्या मामूजिक्तिन व अञ्ज्ञालक ।

निम्म अथवा श्री क्षिण क्षिण क्षिण क्षिण श्री ।

व्यथवा श्री क्षिण क्षिण क्षिण क्षिण श्री श्री क्षिण क्षिण श्री क्षिण क्षेण क्षिण क्ष्ण क्षिण क्ष्ण क्षिण क्ष्ण क्षिण क्ष्ण क्षिण क्षेण क्षिण क्षिण क्षिण क्षिण क्षेण क्षिण क्षेण क्षेण

বলিতেছি, শ্রবণ কর। আমার বীর্য্য পারদ, তাহার সাহায্যে এবং সামৃত্রিক লবণ ও ভল্ল সম্বলের (দারমূচ্) সাহায্যে কোন্রত না পাওয়া যায়? সম্বলের [শোধন] প্রণালী শ্রবণ কর। ৫-৬

চীনতন্ত্রানুসারে সিদ্ধকালিকার পৃষ্ণা করিবে। অথবা কালীতন্ত্রোক্ত বিধানানুসারে দক্ষিণা কালিকার পৃষ্ণা করিবে। সপ্তাহকাল পৃচ্ছা ও ম্বপাদি করিবে। ৭

সত্যযুগে একগুণ, ত্রেতায় দ্বিগুণ, দ্বাপরে তিনগুণ ও কলিকালে চতুগু^{ৰ্}ণ দ্বপ কর্ম্বয়। ৮

যতুপূর্বক তুই তোলা 'সম্বল' আনিয়া তত্বপরি ক্লী ব্লী ক্লী এই বীজ্ঞয় ১০৮ বার জপ করিবে। ১

কৃষ্ণবর্ণা গাভীর হয় ৮০ ভোলা আনিয়া তহুপরি ১০৮ বার জ্প করিবে।

বিন্দু বৈদাঙ্গপর্যাস্তমর্ক শৈষং ভবেদ্ যদা।
তদৈবোত্তোল্য তদ্ দ্রব্যং ভোয়মধ্যে বিনিক্ষিপেৎ॥ ১২
ততঃ পরীক্ষা কর্ত্তব্যা প্রদল্ঞাৎ পাবকোপরি।
নিধু মং পাবকে দ্রব্যং দৃষ্ট্ব। উত্থাপ্য যতুতঃ॥
তত্তবে প্রজ্ঞপেনস্ত্রং সর্কবন্দ্য-নবাত্মকম্॥ ১৩
আনীয় বহুযত্বেন শুদ্ধং তাম্রং মনোহরম্।
সার্দ্ধেন তোলকং তাম্রং বহিন্দধ্যে বিনিক্ষিপেৎ॥ ১৪
যথা বহিন্দ্রখা তাম্রং দৃষ্ট্ব। উত্থাপ্য যত্নতঃ।
গুঞ্জাপ্রমাণং তদ্দ্র্ব্যং তৎক্ষণাদ্ যদি যোজ্বরেং।
সত্যং সত্যং হি গিরিজে রৌপ্যং ভবতি নিশ্চিতম্॥ ১৫

শ্রীচণ্ডিকোবাচ — কারণং ভৃষ্ণরূপং বা কেন রূপেণ শঙ্কর। তৎপ্রকারং মহাদেব কুপয়া বদ শঙ্কর॥ ১৬

পরে রক্তবন্ত্রে সূত্রহারা ঐ সম্বল হগ্নমধ্যে নিক্ষেপ করিবে (ঝুলাইয়া দিবে)।
মৃহ অগ্নি হারা উত্তপ্ত করিবে। একদণ্ড অর্থাৎ ২৪ মিনিট পর্যস্ত ছাল দিবে।
যখন হগ্নের অর্দ্ধেক অবশিষ্ট থাকিবে তখন ঐ বস্তু তুলিয়া লইয়া ছলে নিক্ষিপ্ত
করিবে। ১০-১২

তারপর উহা পরীক্ষা করিয়া দেখিবে। অগ্নির উপরে উহা প্রদান করিলে যদি ধৃম নির্গত না হয় তাহা হইলে ষতৃপ্রবিক উহা তুলিয়া লইয়া সকলের বন্দনীয় নবাক্ষর মন্ত্র জপ করিবে। ১৩

বিশুদ্ধ তাম আনিয়া দেড়তোলা তাম অগ্নিমধ্যে ক্ষেপণ করিবে। ঐ তাম মধন ঠিক আগুনের শ্বায় হইবে তখন উহা তুলিয়া লইয়া এক রতি পরিমিত সেই বস্তু সংযোজিত করিলে উহা রৌপ্যে পরিণত হইবে, ইহা সুনিশ্চিত। ১৪-১৫

পার্ব্বতী প্রশ্ন করিলেন—হে শক্কর! হে জগতের কল্যাণকর! মদ্য কি প্রকারে হ্রন্ধ হইস্না যায় কৃপাপূর্বক ভাহা বলুন! ১৬

>। युक्तवन्तराम ह हेकि नाठीस्त्रम्।

২। 'দারমুচ্' ইতি যদ্য প্রসিদ্ধিরিতোবং কচিৎ টিপ্লণ্ডাং সম্বল্শস্কাৰ্থকৰনং দুখতে।

কচিৎ টিপুলাং ক্লাঁ হ্রাঁ ক্লাঁ* ইত্যেষ মলো লিখিত: ।

৪। 'রক্তব্যবুক্তেনে'তি কচিৎ চীপ্রশামুক্তম্।

^{)। (}वनास्ता

२। त्नावर।

শ্রীশঙ্কর উবাচ---

টঙ্গনম্ আনয়েদ্ ধীমান্ তোলকন্ত চতু ইয়ম্। বহিন্যোগেন গিরিজে! লাজরূপঞ্চকার হ॥ ১৭ আদ্রপুষ্পং তদ্দিগুণং পিষ্ট্রা মিলনমাচরেৎ। তম্যোপরি জপেনান্ত্রং মহামায়াং হি চণ্ডিকে॥ ১৮ এতন্তু গুটিকাং কৃত্বা মিলনং কারয়েদ্ যদি। তদৈব ত্রশ্বরূপং স্থাৎ সত্যং সত্যং হি শৈলজে॥ ১৯

শ্রীচণ্ডিকোবাচ—

গন্ধহীনং ভবেম্মতং কেনোপায়েন শঙ্কর। তৎ সর্ববং শ্রোতৃমিচ্ছামি যদি স্নেহোহস্তি মাং প্রতি॥ ২০

শ্রীশঙ্কর উবাচ---

শিবং বহ্নিসমার ক্রাণ্ট্র বামনেত্র-বিভূষিতম্। বিন্দুনাদ-সমাযুক্তং গন্ধমাদায় সংলিখেৎ॥ ২১ উহতাং পদমুচ্চার্য্য চাষ্ট্রোত্তরশতং যদি। প্রজপেৎ সাধকশ্রেষ্ঠো হুর্গন্ধাদিবিনাশনম্॥ ২২

ইতি শ্রীমাতৃকাভেদতম্ত্রে শিবপার্বতীসংবাদে প্রথমঃ পটলঃ ॥ ১

শকর বলিলেন—চারিভোলা পরিমাণ সোহাগা আনিয়া অগ্নিসংযোগে ঐ সোহাগার থৈ প্রস্তুত করিবে। ভাহার দিন্তণ অর্থাৎ ৮ ভোলা আন্তর্পুপ্প (আমের মুকুল) একত্র বাটিয়া মিশ্রিত করিবে। তহুপরি মহামায়ার বীজ্ঞ্মন্ত্র (হী) জপ করিবে। ১৭-১৮

ইহার গুটিকা প্রস্তুত করিয়া মদ্যের সহিত মিশাইলে ঐ মদ্য তংক্ষণাং ছুদ্ধে পরিণত হইয়া ষাইবে ইহা সুনিশ্চিত। ১৯

চণ্ডিক। বলিলেন—কি উপায়ে মদ্য গন্ধহীন হইতে পারে তাহা শ্রবণ করিতে ইচ্ছা করি। শিব বলিলেন—উত্তম সাধক ব্যক্তি যদি উহার উপর গন্ধনাশক মন্ত্র (হ্রী গন্ধ উহতাম্) ১০৮ বার জ্বপ করিয়া দেন তাহা হইলেই মদ্যের হুর্গন্ধ নাষ্ট হইতে পারে। ২০-২২

হর-পার্বতীর কথোপকথনে মাতৃকাভেদভল্তের প্রথম পটল সমাপ্ত ৷ ১ ৷

দিতীয়ঃ পটলঃ

শ্রীদেব্যুবাচ—

বদ ঈশান সর্বেক্ত সর্বেতত্ববিদাং বর।

যৎ হয়া কথিতং নাথ মম সঙ্গে বিহারতঃ ॥ ১
কথং বা জায়তে পুত্রঃ শুক্রস্ম কৃত্র সংস্থিতিঃ।

বর্দ্ধমানং সদা লিঙ্গং প্রবেশো বা কথং ভবেৎ ॥ ২
ভীতিযুক্তা হাহং নাথ! তাহি মাং হুঃখসঙ্কটাৎ ॥ ৩

শ্রীশন্ধর উবাচ—
মণিপূরং মহাপদ্মং সুযুম্ণামধ্যসংস্থিতম্ ॥
তস্থা নালেন দেবেশি নাভিপদ্মং মনোহরম্ ॥ ৪
বক্রব্রেসমাযুক্তং সদা শুক্রবিভূষিতম্ ॥
উদ্ধং নালং সহস্রারে অতঃ শুক্রবিভূষিতম্ ॥ ৫
তত্মাদেব স্তন্দ্রন্দং বর্দ্ধমানং দিনে দিনে ॥ ৬
মধ্যনালং সুযুমান্তং বৃত্তাকারং সুশীতলম্ ।
আযোন্যগ্রমধোনালং *সদানন্দময়ি শিবে ॥ ৭
শৃণু চার্বঙ্গি ! সুভগে তন্মধ্যে লিঙ্গতাড়নাং ।
যদ্রপং পরমানন্দং তন্নান্তি ভূবনত্রয়ে ॥ ৮

দেবী পাঠবতী বলিলেন—হে ঈশান! হে সর্বজ্ঞ! সমস্ত তত্ত্ব আপনার অধিগত। হে স্থামিন্! যে কথা আপনি বলিয়াছিলেন, তাহা বলুন। আমার সঙ্গে বিহার হইতে পু্ৰোংপত্তি হইবে কিরুপে? শুক্র কোথায় থাকে? হে নাথ! আমার ভয় হইতেছে। এই সংকট হইতে আমাকে রক্ষা করুন। ১-৩

শঙ্কর বলিলেন—হে দেবি ! সুষুম্পা নাড়ীর মধ্যে মণিপুর নামক যে পদাটি অবস্থিত উহার নালের সহিত নাভিপদাটি সংযুক্ত। উহা বক্রঅরযুক্ত এবং সর্বাদা শুক্রপূর্ণ। ঐ নালটি উদ্ধিদিকে সহস্রার পর্যন্ত বিস্তৃত। উহাতেই শুক্রের অবস্থান। তাহা হইতেই শুন্মুগল দিনে দিনে বৃদ্ধিপ্রাপ্ত হইয়া থাকে। মধ্যভাগটী সুষুমার সহিত সংযুক্ত হইয়া বৃত্তাকারে (অথবা বৃত্তাকারে) অবস্থিত

^{া &#}x27;দদানন্দমর্মিতি পাঠো যুক্তঃ। দৃশ্যতে চ পরস্তাৎ তাদৃশঃ পাঠঃ।

নাভিপদ্মং তু যদ্রপং তচ্ছ্, পুম্ব সমাহিতা।
বিন্দুস্থানং মধ্যদেশে সদা পদ্মবিরাজিতম্ ॥ ৯
বাহ্যদেশে চাষ্টপত্রং চতুরস্রং তু তদ্বহিঃ।
চতুর্দ্ধ্বারসমাযুক্তং স্বর্ণাভং সবৃত্তকম্ ॥ ১০
তৎপত্রেণ ভবেৎ পুষ্পং বৃস্তযুক্তং ত্রিপত্রকম্ ।
প্রফুল্লে তু ত্রিপত্রারে বাহ্যে রুধিরদর্শনম্ ॥ ১১
এতন্মধ্যে মহেশানি যদি স্থাল্লিঙ্গতাড়নম্ ।
পদ্মমধ্যে গতে শুক্রে সম্ভতিন্তেন জায়তে ॥ ১২
পুরুষস্থা তু যচ্ছুক্রং শক্তে রক্তাধিকো ভবেৎ ।
তদা কন্যা ভবেদ্ দেবি বিপরীতে পুমান্ ভবেৎ ॥ ১৩
উভয়োস্তল্যশুক্রেণ ক্লীবং ভবতি নিশ্চিতম্ ॥ ১৪
শুণু চার্বঙ্গি স্থভগে পুষ্পমাহাত্ম্যমুক্তমম্ ।
মধ্যে তচ্ছুক্রসংযোগে বর্দ্ধতে তৎ দিনে দিনে ॥ ১৫
এবং দিঙ্ মাসসম্প্রাপ্তো তৎপুষ্পে বৃস্তসংযুতে ।
গলিতে পরমেশানি ব্যক্তা ভবতি সম্ভতিঃ ॥ ১৬

এবং অধোভাগ যোনি পর্যান্ত সমাগত। নাভিপদ্মটীর বিবরণ বলিভেছি শ্রবণ কর। উহার মধ্যদেশে কণিকাতে ভক্তের স্থান। পদ্মটী তদ্মারা সর্ববদাই পূর্ব থাকে। বহির্ভাগে আটটী দল, ভাহার বাহিরে একটি চতুষ্কোণ এবং উহার চারিটি দ্বার আছে। উহার সুবর্ণের শায় বর্ণ এবং ঐ পদ্মটী একটি বৃত্ত (কিংবা বৃত্ত) মুক্ত। ৪-১০

তাহার পত্তের (পাঁপড়ির) সহিত যুক্ত হইয়া তিনটি দল ও বৃত্তযুক্ত পুস্প হইয়া থাকে। ঐ ত্রিদল পুস্পটি বিকশিত হইলেই বাহিরে রুধির দৃষ্ট হয়। ঐ পদ্ম মধ্যে পুংগুক্রপ্রবিষ্ট হইলে তাহাতে সপ্ততি জ্বন্মে। ১১-১২

পুরুষের শুক্র অপেক্ষা রমণীর রক্তের আধিক্য ঘটলে কন্যা জন্ম। ইহার বৈপরীত্যে পুত্র হয়। এবং উভয়ের শুক্রের তুল্যতা ঘটিলে নপুংসক জন্মিয়: থাকে। ১৩-১৪

সেই পুষ্পের এইরূপ বৈশিষ্ট্য যে, তন্মধ্যে সেই শুক্রসংযোগ ঘটিলে তাহা দিনে দিনে বৃদ্ধিপ্রাপ্ত হইতে থাকে। দশম মাস উপস্থিত হইলে বৃশ্তমুক্ত সেই পুষ্পটী বসিয়া পড়ে। তাহাতেই সন্তানটি বাহির হইরা আসে! ১৫-১৬ শ্রীদেব্যুবাচ---

কিঞ্চিদ্রোগাদি-সম্ভূতে কুমিকীটাদিসম্ভবে। ভন্মাজ্জীবাঃ প্রণশাস্তি সা নারী জীব্যতে কথম্॥ ১৭

শ্রীশঙ্কর উবাচ—

অস্ত পুষ্পস্ত মাহাত্মাং কিং বক্তবুং শক্যতে ময়া।
বিন্দুস্থানসহস্রং তু পুষ্পমধ্যে প্রিয়ংবদে ॥ ১৮
বৃদ্বুদা যত্র তিষ্ঠন্তি তত্তিব সন্ততিভ বেং।
এবং ক্রমেণ দেবেশি সহস্রং সন্ততির্যদি।
বর্জমানং মহাপুষ্পং পীড়া কিঞ্চিন্ন জায়তে ॥ ১৯
ময়া সার্জং মহেশানি বিহারং কুরু যত্ত্বতঃ।
বিহারে যো ভবেং পুত্রো গণেশঃ স হি কীন্তিতঃ ॥ ২০
অপরে পরমেশানি! তব পুত্রপ্রসাদতঃ।
পৃথিব্যাং জায়তে সৃষ্টি নির্বিজ্বেন যথোচিতম্ ॥ ২১
এতচ্ছু,ত্বা ততো দেবী মদনানলবিহ্বলা।
শিবেনালিঙ্গিতা দেবী শিবাকারেণ বৈ তদা ॥ ২২

ইতি শ্রীমাতৃকাভেদতন্ত্রে শিবপার্বতীসংবাদে দিতীয়ঃ পটলঃ ॥ ২ ॥

দেবী বলিলেন—কিছু রোগ হইলে কিম্বা কৃমিকীটাদি জ্বালে মধ্যস্থ জীব নষ্ট হইতে পারে ৷ তাহাতে দেই নারী কিরুপে বাঁচিয়া থাকিবে ? ১৭

শক্কর বলিলেন—এই পুজ্পের বৈশিষ্ট্য বর্ণনাতীত। পুজ্পমধ্যে শুক্রবিন্দু সঞ্জিত হইবার অসংখ্য স্থান আছে। যেখানে বুদ্বুদ্ অবস্থান করে সেখানেই সন্তান জন্মে। এইরূপে যদি অনেক সন্তানও জন্মে সেই পুজ্পটী বাড়িয়া বিশাল হইয়া উঠে। কোনরূপ পীড়া [-কর কৃমিকীটাদি] উপস্থিত হয় না। ১৮-১১

হে মহেশানি! আমার সহিত স্যতে বিহার কর। ইহাতে যে পুত্র জন্মিবে তাহার নাম হইবে গণেশ। ২০

হে প্রমেশ্বরি! তোমার সেই পুত্রের অনুগ্রহে পৃথিবীতে নির্বিদ্ধে সৃষ্টি-প্রবাহ অক্ষুণ্ণ থাকিবে। ২১

ইহা শুনিয়া এবং তংপরে শিব কর্তৃক দেহ দ্বারা আলিক্সিতা ইইয়া দেবী শক্ষরী কামানলে বিহলে ইইয়া পড়িলেন। ২২

इत्रभार्वि जीत करथा भक्थरन माज्कार जन्छ विजी व भगेल ममाल । २

তৃতীয়ঃ পটলঃ

শ্রীদেব্যুবাচ—

সর্ববৈত্রব শ্রুভং নাথ ভোগং চিল্রিয়পুষ্টিদম্। ভোগেন মোক্ষমাপ্লোভি কথং বদসি যোগভৃৎ॥ ১

শ্রীশঙ্কর উবাচ—

ভোগেন শভতে যোগং ভোগেন কুলসাধনম্।
ভোগেন সিদ্ধিমাপ্নোতি ভোগেন মোক্ষমাপ্নু য়াং॥ ২
তন্মাদ্ ভোগং সদা কার্য্যং বাহাপূজা যথেচছয়া।
ভোজনস্তা বিধানং যং তচ্ছুণূদ্ব প্রিয়ংবদে॥ ৩
মূলাধারে তু যা শক্তিভু জগাকাররূপিণী।
জীবাত্মা পরমেশানি! তন্মধ্যে বর্ত্ততে সদা॥ ৪
ভোজনেচ্ছা ভবেং তন্মান্নিলিপ্রো জীবসংজ্ঞকঃ।
সৈব সাক্ষাদ্ গুণময়ী নিগু ণো জীব উচ্যতে॥ ৫
জীবস্তা ভোজনং দেবি ভ্রান্তিরেব ন সংশয়ঃ।
গুণযুক্তা কুগুলিনী চন্দ্রপুর্য্যাগ্রিরূপিণী॥ ৬

দেবী বলিলেন—হে নাথ! সর্বব্যই শোনা যায় যে, ভোগ দ্বারা ইন্দ্রিয়ের পুষ্টি হইয়া থাকে। হে যোগিবর! ভোগের দ্বারা মৃক্তি লাভ করে এ কথা আপনি কি করিয়া বলেন ? ১

শঙ্কর বলিলেন—ভোগ দ্বারা যোগ লাভ করা যায়, কুলাচারীরা ভোগের দ্বারাই সাধনা করেন (অথবা ভোগের দ্বারাই বংশরক্ষা হয়।) ভোগের দ্বারাই সিদ্ধিলাভ ও মোক্ষলাভ হইয়া থাকে। ২

সুতরাং সর্বাদা ভোগ করা কর্ত্তব্য। তংসহ ইচ্ছান্রপ বাহা পৃঞ্চা করিবে। ভোগ করিবার যেরপ বিধান ভাহা শ্রবণ কর। ৩

হে পরমেশ্বরি! মূলাধারে ভুজগাকারা যে কুগুলিনী শক্তি আছেন, জীবাত্মা সর্বাদা তাহার মধ্যেই অবস্থিত। তাহা হইতেই ভৌজনের ইচ্ছা হইয়া থাকে, জীব এ বিষয়ে নির্লিপ্ত। সেই কুগুলিনীই সাক্ষাৎ ত্রিগুণাত্মিকা, জীব নিশুন। ৪-৫ মূলাধারাচ্চ তাং দেবীমাজিহ্বাস্তং বিভাবয়েৎ।
শোধিতান্ মৎস্থমাংসাদীন্ সম্মুখে স্থাপয়েদ্ বুধঃ॥ १
মূলমন্ত্রং সমুচ্চার্য্য জুহোমি কুগুলীমুখে।
অনেন মহুনা দেবি প্রতিগ্রাসং সমাহরেৎ॥ ৮
প্রতিগ্রাসে পরেশানি এবং কুর্য্যাদ্ বিচক্ষণঃ।
তদৈব ব্রহ্মরূপোহসৌ সত্যং স্তরেশ্বরি॥ ৯
ভূজ্যতে কুগুলী দেবী ইতি চিস্তাপরো হি য়ঃ।
মন্ত্রসিন্ধিভ বিশুস্ত জ্ঞানসিন্ধিন চান্যথা॥ ১০
এবং কুতে ব্রহ্মরূপঃ শিবরূপঃ স্বয়ং হরিঃ।
যোগসিন্ধিভ বৈস্তস্ত চাইসিন্ধিভ বিষ্যতি॥ ১১
শক্রভিদীয়তে যৎ তু কৃত্রিমং দারুণং বিষম্।
ভক্ষণাৎ তৎক্ষণে দেবি হুমূতং নাত্র সংশয়ঃ॥ ১২
মস্ত্রেণ শোধিতং দ্রব্যং ভক্ষণাদমূতং ভবেৎ।
যদেব কালকুটন্ত, সমুদ্রমথনে প্রিয়ে॥ ১০
তদা চানেন মহুনা তৎক্ষণাৎ খাদিতং ময়া॥ ১৪

হে দেবি! জীব ভোগ করে ইহা ভ্রান্তি মাত্র। ভাহাতে সন্দেহ নাই। চক্র সূর্য্য ও অগ্নিম্বরূপা এই কৃত্পিনীই গুণত্রয়োপেতা। ৬

জ্ঞানী ব্যক্তি মূলাধার হইতে জিহুবার প্রান্ত পর্য্যন্ত সেই কুণ্ডলিনা দেবীকে চিন্তা করিবেন এবং শোধিত মংস্থা মাংসাদি তাঁহার সম্মুখে স্থাপন করিবেন। ৭

মৃলমন্ত্র উচ্চারণপূর্বক 'জুহোমি কুণ্ডলীমুখে' ('কুণ্ডলিনীর মুখে আছডি দান করিতেছি') এই মন্ত্রে প্রতিটী গ্রাস আহার করিবে। হে পরমেশ্বরি! প্রতিগ্রাস এইরূপ করিলে তংক্ষণাং ব্রহ্মরপতা প্রাপ্ত হইবে। ইহা অতি সত্য। ৮-৯

কুণ্ডলিনী দেবাই ভোগ করিতেছেন—এই চিন্তা যিনি করিতে পারেন ভাঁহার মন্ত্রসিদ্ধি ও জ্ঞানসিদ্ধি হইয়া থাকে, ইহার অলুথা হয় না। ১০

এইরূপ করিলে সে ব্যক্তি শ্বয়ং ব্রহ্মা, বিষ্ণু ও শিবশ্বরূপ হইবে। তাহার যোগদিদ্ধি হইবে এবং অণিমাদি অফীদিদ্ধি লাভ হইবে। ১১

শক্তগণ যে দারুণ বিষ প্রস্তুত করিয়া দেয়, ভক্ষণ করিলে তাহাও তৎক্ষণাৎ অমৃত হইয়া যাইবে, সন্দেহ নাই। ১২

১। কর্মোপাদানেহপি ভাবে শিক্টপ্রয়োগ: সোচ্ব্য:।

সর্পাকারা কুগুলিনী যা দেবী প্রমা কলা।
ভূজ্যতে সর্পর্রপেণ তত্ত্বিব দারুণং বিষম্॥ ১৫
ইতি তে কথিতং কান্তে ভোজনস্থ বিধানকম্।
এতৎ সর্ববং মহেশানি গোপ্তব্যং পশুসংকটে॥ ১৬

শ্রীদেব্যুবাচ—

শৃণু নাথ পরানন্দ পরাপরকুলাত্মক ! বদ মে পরমেশান হোমকুগুং তু কীদৃশ্য ॥ ১৭

শ্রীশিব উবাচ --

মণিপূরস্থ বাহে তু নাভিপদ্মং মনোহরম্।
অষ্টপত্রং তথা বৃত্তং তন্মধ্যে কৃগুত্বর্ল ভন্॥ ১৮
চতুরব্রাদিকং দেবি তৎকৃগুং কামরূপকম্।
সর্ববিকৃগুস্থ দেবেশি বিপ্রাঃ কর্তা বিধীয়তে॥ ১৯
বর্জুলং বাহুজাতস্থ বৈশাস্থা চার্জচন্দ্রকম্।। ২০
ত্রিকোণং পাদজাতস্থা হোমকৃগুং সুরেশ্বরি।
এবং কৃগুং মহেশানি নালত্রয়বিভূষিতম্॥ ২১

মন্ত্রবারা শোধিত দ্রব্য ভক্ষণ করিলে তাহা অমৃত্যরূপ হয়। হে প্রিয়ে! সমৃদ্রমন্থনকালে কালকৃট বিষ এই মন্ত্রবারাই আমি তংক্ষণাং ভক্ষণ করিয়া-ছিলাম। প্রমকলায়রূপা যে স্পাকার। কুগুলিনী দেবী ভোগ করেন, স্প্রুপে তাঁহার মধ্যেই দারুণ বিষ রহিয়াছে। ১৩-১৫

হে প্রিয়ে! এই ভোজনের বিধান ভোমাকে বলিলাম। পশুসমাভে ইহা গোপন করিবে। ১৮

দেবী বলিলেন—হে নাথ! হে পরাপর-কুলরূপী প্রমানন্দ্ময় প্রমেশ্বর! আপনি যে হোমের কথা বলিলেন সেই হোমের কুণ্ড কিরূপ তাহা বলুন। ১৭

মহাদেব বলিলেন—মণিপুরের বহির্ভাগে যে মনোরম অস্টপত্র ও বৃত্তযুক্ত নাভিপদ্ম রহিরাছে তাহার মধোই সেই হর্লভ কুগু রহিয়াছে। ১৮

হে দেবি ! সেই কুণ্ড ইচ্ছামত চতুরস্রাদিরপ ধারণ করিয়া থাকে। তে সুরেশ্বরি ! ব্রাহ্মণ সমস্ত কুণ্ডেই হোমকর্তারূপে বিহিত। ক্ষত্রিয়ের বর্তুলাকার ও বৈশ্যের অর্মচন্দ্রাকার কুণ্ড বিহিত এবং শৃদ্রের ত্রিকোণাকার হোমকুণ্ড উর্দ্ধনালং সহস্রারে পরামৃতবিভূষিতম্।

মধ্যনালং নাভিপদ্মে মূলাধারে চ স্থন্দরি॥ ২২

আলিঙ্গাগ্রমধোনালং সদানন্দময়ং শিবে।

হোমকুণ্ডমিদং দেবি সর্ব্বতন্ত্রে পরিষ্কৃতম্।। ২০

যেন হোমপ্রসাদেন সাক্ষাদ্ ব্রহ্মময়ো ভবেং।

বিপ্রস্ত চাহুতির্হোমং বিজ্ঞাতব্যং চতুষ্টয়ম্।। ২৪

ক্ষত্রিয়স্ত ত্রয়ং দেবি বৈশ্যস্ত চাহুতিদ্বয়ম্।

শৃদ্রব্যেকাহুতির্দেবি মুক্তিশ্চাপি চতুর্বিবধা॥ ২৫

মহামোক্ষং বাহ্মণস্ত সাম্পাক্রয়ং ক্ষত্রিয়স্ত চ।

সারূপ্যং চোরুজাতস্ত সালোক্যং শৃদ্রজাতিয়ু॥ ২৬

বাহ্যকৃণ্ডং বাহ্যহোমে এবং হি স্করবন্দিতে।

জাতিভেদে কুণ্ডভেদং কুর্য্যাৎ সাধকসত্তমঃ। ২৭

বাহ্যহোমে কাম্যসিদ্ধি ভবিষ্যতি ন সংশয়ঃ।

জ্ঞানহোমে মোক্ষসিদ্ধিল ভাতে নাত্র সংশয়ঃ।

বিহিত। হে মহেশ্বরি ! এইরূপ কৃত্তই সেখানে তিনটী নাড়ী ছারা অলংকৃত-হুইয়া রহিয়াছে। ১৯-২১

হে সুন্দরি ! উর্নাড়ীটি পরমায়তপূর্ণ হইয়া সহস্রারে পৌছিয়াছে, মধানাড়ীটি নাজিপদা পর্যান্ত গিয়াছে এবং নিয় নাড়ীটি মূলাধারে লিক্সপ্রান্ত পর্যান্ত বিস্তৃত এবং উহা সর্বাদা আনন্দময় । হে দেবি ! এই হোমকুণ্ড সমস্ত ভস্তেই পরিষ্কাররূপে বলা হইয়াছে—যে হোমের প্রদাদে সাক্ষাং ব্রহ্মময় হইতে পারা যায় । হে দেবি ! ব্রাক্ষণের হোম চতুরাহুতি যুক্ত, ক্ষত্রিয়ের আহুতিত্তম ও বৈশ্যের আহুতিদ্বয় এবং শুদ্রের একাহুতি বিহিত । মুক্তিও চারি প্রকার । ব্রাক্ষণের মহামুক্তি, ক্ষত্রিয়ের সাযুক্তা মুক্তি, বৈশ্যের সারূপা ও শুদ্রদিন্দের সালোক্য মুক্তি । ২২-২৬

হে সুরবন্দিতে ! বাহ্য হোমে বাহ্য কুণ্ডের প্রকার এইরূপ। উত্তম সাধক দাতিভেদে কুণ্ডভেদ করিবেন। ২৭

বাহুহোমে, কাম্য কর্মের সিদ্ধি হইবে ইহাতে সন্দেহ নাই, জ্ঞানময় হোমে মোক্ষসিদ্ধি লাভ হইবে, ইহাতেও সংশ্য নাই। ২৮ ইতি তে কথিতং কান্তে তন্ত্রাণাং সারমুত্তমন্। ন বক্তব্যং পশোরগ্রে শপথো মে ত্বয়ি প্রিয়ে॥ ২৯

শ্রীদেব্যুবাচ--

মন্তপানে মহাপুণ্যং সর্ব্বতন্ত্রে শ্রুতং ময়া। জাতিভেদং ন কথিতমিদানীং তৎ প্রকাশয়।। ৩০

শ্রীশঙ্কর উবাচ—

সর্বযজ্ঞাধিপো বিপ্রঃ সংশয়ো নাস্তি পার্বতি।
সৌত্রামণ্যাং কুলাচারে চত্বারো ব্রাহ্মণাদয়ঃ॥ ৩১
ব্রাহ্মণশ্ত মহামোক্ষং মন্তপানে প্রিয়ংবদে।
ব্রাহ্মণঃ পরমেশানি যদি পানাদিকং চরেং॥ ৩২
তৎক্ষণাচ্ছিবরূপোহসো সত্যং সত্যং হি শৈলজে॥ ৩৩
তোয়ে তীয়ং যথা লীনং যথা তেজসি তৈজসম্।
ঘটে ভগ্নে যথাকাশং বায়ে বায়ুর্যথা প্রিয়ে॥ ৩৪
তথৈব মন্তপানেন ব্রাহ্মণো ব্রহ্মণি প্রিয়ে।
লীয়তে নাত্র সন্দেহো পরমাত্মনি শৈলজে॥ ৩৫

হে প্রিয়ে! তোমাকে তন্ত্রসমূহের এই উত্তম সারকথা বলিলাম। পণ্ডভাবের সাধকগণের নিকট ইহা বলিবে না, তোমার প্রতি আমার দিব্য রহিল। ২৯

দেবী বলিলেন—মদাপানে মহাপুণ্য হয়, একথা আমি সর্বভন্তে শুনিয়াছি। জাতিভেদের কথা বলেন নাই, এক্ষণে তাহা প্রকাশ করুন। ৩০

শঙ্কর বলিলেন—হে পার্ব্বতি! সমস্ত যজ্ঞেই ব্রাহ্মণের আধিপত্য বা অধিকার আছে, ইহাতে সন্দেহ নাই। কিন্তু সোঁতামণী যাগেও কৌলিক আচারে ব্রাহ্মণাদি চারিজাতিই অধিকারী। ৩১

মদাপানে ত্রাহ্মণের মহামুজি হইয়া থাকে। ত্রাহ্মণ যদি পানাদি আচরণ করে তবে তংক্ষণাং সে শিবরূপে পরিণত হয় ইহা অতি সত্য কথা। ৩২-৩৩

জল বেমন জলে মিশিয়া যায়, অগ্নি ষেমন অগ্নিতে মিশিয়া যায়, বায়ু যেমন বায়ুতে মিশিয়া যায়, ঘট ভগ্ন হইলে আকাশ যেমন আকাশে যিশিয়া যায়, মদ্যপানে আকাশ তেমনি একো বিলীন হইয়া যায়, ইহাতে সন্দেহ নাই ৷ ৩৪-৩৫ সাযুজ্যাদি মহামোক্ষং নিযুক্তং ক্ষত্রিয়াদিয়ু।
সা নারী মানবী মন্তপানে দেবী ন সংশয়ঃ ।। ৩৬
স্ক্ষেস্ত্রে যথা বহ্নির্দেহমধ্যে 'তথা শিবা।
তপোরূপং বৃহৎ স্ত্রং পূজারূপং তথা হবিঃ ।। ৩৭
সংযুক্তং কারয়েদত্র বর্জমানো মহাঙ্কুশঃ ।
মন্তপানং বিনা দেবি তজ্জ্ঞানং ন হি লভ্যতে ।। ৩৮
অতএব হি বিপ্রেণ মন্তপানং সদাচরেৎ ।
তবদমাতাজপেনেব ব্রাহ্মণো নহি শৈলজে ।
ব্রহ্মজ্ঞানং যদা দেবি তদা ব্রাহ্মণ উচ্যতে ।। ৩৯
বেদানাময়তং বুক্ষ তদিয়ং কৌলিকী সুরা ।
স্বরত্বং ভোগমাত্রেণ স্বরা তেন প্রকীত্তিতা ।। ৪০
মন্ত্রত্রয়ং সদা পাঠ্যং ব্রহ্মশাপাদমোচনম্ ।
প্রক্র্য্যাত্ব দিজেনেব তদা ব্রহ্মময়ী সুরা ॥ ৪১

মদাপানে ক্ষত্রিয় প্রভৃতি জাতির সায়ুজ্যাদি মুক্তি হইয়া থাকে। মানবী মদা পান করিলে দেবী হইয়া যায় ইহাতে সংশয় নাই। ৩৬

সৃত্মপৃত্তে সংযুক্ত বহিন যেমন সৃত্মাকারে থাকে দেহমধ্যে প্রাশক্তি সেইরূপ অবস্থিত। তপস্থা বৃহৎ সৃত্তম্বরূপ, পূজা হবিঃম্বরূপ, বৃদ্ধিপ্রাপ্ত মহাকৃশ ইহাদের সংযোগসাধক। মদাপান ব্যতিরেকে সেই জ্ঞানের উদয় হয় না। অতএব বাত্মণ কর্তৃক মদাপান সদাচার, উহা করিতে পারা যায়। ৩৭-৩৮

হে পাঠবিত। গায়ত্রী জপ করিলেই ব্রাহ্মণ হয় না। যখন ব্রহ্মজ্ঞান হয় তখনই ব্রাহ্মণ বলা যায়। ৩৯

বেদসিস্থু মন্থনোদ্ধত অমৃত এক্ষ, কুলাচারপরায়ণ সাধকদিণের এই সুরা একা। ইহা ভোগ করামাত্র সুরত লাভ হয়, সেইজন্মই ইহা সুরা নামে খ্যাত। ৪০

১। 'यथा निवः' ইতি পাঠান্তরম্।

২। বিপ্রেণ মন্ত্রপানং বিপ্রকর্ত্কং যন্ত্রপানং তৎ সত্ত্রমন্ অতএব আচরেৎ কুর্যা-দিত্যর্ব:। কোলো বিপ্র ইতি শেষ:।

৩। আবস্তোহয়ং মাতা-শব্দ:। বিশেষরাং বিশ্বমাতামিতিবং।

হবিরারোপনাত্রেণ বহিন্দীপ্তো যথা ভবেং।
শাপমোচনমাত্রেণ সুরা মৃক্তিপ্রদায়িনী ॥ ৪২
অতএব হি-দেবেশি ব্রাহ্মণঃ পাদমাচরেং।
স ব্রাহ্মণঃ স বেদজ্ঞঃ সোহগ্নিহোত্রী স দীক্ষিতঃ ॥ ৪৩
বহু কিং কণ্যতে দেবি স এব ত্রিগুণাত্মকঃ ॥ ৪৪
মৃক্তিমার্গমিদং দেবি গোপ্তব্যং পশুসঙ্কটে।
প্রকাশাং কার্য্যহানিঃ স্থান্নিশ্দনীয়ো ন চান্তথা ॥ ৪৫

ইতি শ্রীমাতৃকাভেদতন্ত্রে হরগৌরীসংবাদে তৃতীয় পট**লঃ**।। ৩।।

বক্ষ শাপাদি বিমোচনের মন্ত্র ভিন্টী সর্বাদা বাক্ষণের দ্বারা পাঠ্য। তাহা করিবে, তখন সুরা বক্ষময়ী হইবে। ৪১

্ ঘৃত প্রক্ষেপ কয়্বাত্রই অগ্নি যেমন উদ্দীপ্ত হইর। উঠে শাপমোচন করা-মাত্রই সুরা সেইরূপ মৃক্তিপ্রদায়িনী হয়। ৪২

হে সুরেশ্বরি! এই জন্মই আক্ষাণ ইহা পান করিবে। সে অক্ষজ্ঞ সে বেদজ্ঞ সে অগ্নিহোতী সে দীৰ্কিত, অধিক কি বলিব, সে স্তু, রহজঃ ও তম এই শুণ্তায়ের সম্ফি বা মিলনক্ষেত্র। ৪৩–৪৪

হে দেবি! মৃক্তির এই পথটা পশুদিগের (পখাচারীদিগের) নিকট গোপনীয়। প্রকাশ করিলে কার্য্যহানি হয়, নিন্দনীয় হয়, ইহার অভ্যথা হয় না। ৪৫

হর-গৌরার কথোপকথনে মাতৃকাভেদতন্ত্রের তৃতীয়পটল সমাপ্ত 🛚 ত

চতুর্থঃ পটলঃ

শ্রীচণ্ডিকোবাচ—

কারণেন মহামোক্ষং নির্মান্যেন শিবস্তা চ।
ক্রতং বেদে পুরাণে চ তব বক্ত্রে স্বরেশ্বর ॥ ১
অগ্রাহ্যং তব নির্মাল্যমগ্রাহ্যং কারণং বিভো।
মুষা বাক্যং মহাদেব কথং বদসি যোগভূৎ ॥ ২

শ্রীশঙ্কর উবাচ---

শৃণু দেবি প্রবক্ষ্যামি যন্মাং হং পরিপৃচ্ছিসি।
তৎ তৎ সর্বং প্রবক্ষ্যামি সাবধানাবধারয়।। ৩
চতুরশীতিলক্ষেষু যোনিগর্ত্তে তথৈব হি।
ভ্রমণং কুরুতে জীবস্ততো মোক্ষস্য ভাজনম্।। ৪
এতন্মধ্যে মহাজ্ঞানং যদি স্থাদ্ বীরবন্দিতে।
তদা মোক্ষমবাগ্নোতি ভ্রমণং কেন বা ভবেৎ।। ৫
অতএব মহেশানি গুপুভাবং ময়া কৃতম্।
যস্য জন্ম ন পূর্ণহং স কথং মোক্ষভাজনম্।। ৬

শ্রীচন্তিকা বলিলেন—হে সুরেশ্বর ! শিবনিশ্মাল্যভূত মল ঘারা [অথবা মল ঘারা ও শিবনিশ্মাল্য ঘারা] মহামৃক্তিলাভ হয় ইহা ভনিলাম। আবার বেদে, পুরাণে ও আপনার মুখে ভনিয়াছি যে শিবনিশ্মালা গ্রহণযোগ্য নহে, মন্ত অগ্রাহ্য। হে প্রভূ। আপনি যোগা হইয়া মিথ্যাকথা বলিভেছেন কেন ?

৯-২ শঙ্কর বলিলেন—ছে দেবি! শোন, বলিতেছি। তুমি যাহা জিজ্ঞাসা করিতেছ ভাহার সমস্তই বলিব। অবহিত হইয়া অবধারণ কর। ৩

জীব ৮৪ (চুরাশি)লক যোনি ভ্রমণ করিয়া তবে মৃক্তিলাভের যোগ্য হইরা খাকে। ইহার মধ্যে যদি মহাজ্ঞান লাভ হইয়া যায় তবে ত মৃক্তি হইয়া যাইবে, ৮৪ লক যোনি ভ্রমণ হইবে কি করিয়া? ৪-৫

হে মহেশ্বরি! এইশ্বরুই আমি গোপন করিয়াছি। যাহার শ্বরু [-সংখ্যা]
পূর্বতা প্রাপ্ত হয় নাই, সে কি করিয়া মোকাধিকারী হইবে। ৬

যস্ত পাপাধিকং দেবি স কং স্বর্গভাজনম্।
অতএব মহেশানি গুপ্তভাবং ময়া কৃতম্।
নির্মাল্যেন ভবেৎ স্বর্গং নির্ব্বাণং স্বর্গা ভবেৎ॥ প
পাপযুক্তো হি চাপ্তালো নির্মাল্যং গৃহ্যতে যদা।
তদা মোক্ষমবাপ্নোতি শিবরূপী ন চান্তথা॥ ৮
মহাপাতক্যুক্তোহপি কারণং প্রপিবেদ্ যদি।
জ্ঞানান্মুক্তিভবেৎ সত্যং জাতিভেদাদিকং ন হি॥ ৯
সর্বজ্ঞাতিমু নির্ব্বাণং জ্ঞানেন পরমেশ্বরি।
অতএব মহেশানি গুপ্তভাবং ময়া কৃতম্॥ ১০
গুপ্তভাবার্থং যদ্বাক্যং পরিহাসার্থমেব চ।
তদর্থমেব তদ্ বাক্যং ন মিখ্যা পরমেশ্বরি॥ ১১
নির্ব্বাণবিষয়ে দেবি মহাং পরমকারণম্।
মত্যপানং বিনা দেবি মহামোক্ষো ন লভ্যতে॥ ১২

হে দেবি! যাহার পাপ অধিক সে কিব্লপে স্বৰ্গ লাভের যোগ্য হইবে? এই জন্মই আমি শুগুভাব অবলম্বন করিয়াছি। নির্দ্ধাল্য দ্বারা স্বর্গ লাভ হয়, সুরাপানে মুক্তি হইয়া থাকে। ৭

নির্মাল্য যদি গৃহীত হয় তবে পাপিষ্ঠ চণ্ডাল্প মুক্তিলাভ করিবে, শিবরূপী হইবে, অন্যথা হইবে না। ৮

মহাপাতকযুক্ত ব্যক্তিও যদি মদ্য পান করে তবে জ্ঞানপ্রভাবে সতাই মুক্তি লাভ করে, ইহাতে জাতিভেদাদি নাই। [ইহার প্রচহনার্থ এরূপ হইতে পারে যে, যদি মদ পান করে তবে মহাপাতকগ্রস্ত হইবে, ইহা নিশ্চিত। জ্ঞান হইতে মুক্তি হইরা থাকে ইহা সতা। তাহাতে জ্ঞাতিভেদ নাই]। ১

হে পরমেশ্বরি ! সমস্ত জাতিতে জ্ঞানের দ্বারা মৃক্তি হইয়া থাকে। এই জন্ম আমি গুগুভাব অবলম্বন করিয়াছি। ১০

হে পরমেশ্বরি । গোপনীয়তা রক্ষার জন্য এবং পরিহাসের জন্ম যে বাক্য বলা হয় গোপনীয়তাই সেই বাক্যের অর্থ সূতরাং তাহা মিখ্যা নহে। ১১

হে দেবি ! মোক্ষবিষয়ে মদ্য পরম কারণ। মদ্যপান ব্যতিরেকে মহাম্যেক লাভ করা যায় না। ১২ শ্রীচণ্ডিকোবাচ---

গঙ্গায়াং জ্ঞানতো মোক্ষং তথৈব শ্রিয়তে যদি। গঙ্গায়াশ্চাধিকং নাথ কারণং ইদেবছর্লভম্॥ ১৩

শ্রীশঙ্কর উবাচ---

পূর্ণব্রহ্ময়য়ী দেবি ! সুরাদেবী ন চান্তথা।
তস্তাশ্চ যোড়শাংশৈকা যা গঙ্গা সুরপ্জিতা॥ ১৪
তথৈব তুলসীদেবী শতাংশৈকা সুরেশ্বরি।
বিমোক্ষার্থী চ যো মর্ত্যন্তীর্থসেবাং ন চাচরেৎ॥ ১৫
যথৈব মালিকামধ্যে মহাশঙ্খং বিমোক্ষদম্।
তথৈব কারণং দেবি সদা মোক্ষপ্রদায়কম্॥ ১৬
কারণেন বিনা দেবি মোক্ষজ্ঞানাদিকং নহি।
মহাশঙ্খং বিনা দেবি ন মন্তঃ সিদ্ধিদায়কঃ॥ ১৭
সাক্ষাদ্ ব্রহ্ময়য় মালা মহাশঙ্খাখ্যয়া পুনঃ।
শিলাযন্তে চ বৃন্দায়াং গঙ্গায়াং সুরপ্জিতে।
নৈব স্পৃশেনহাশঙ্খং স্পর্শনাৎ কাষ্ঠবদ্ভবেৎ॥ ১৮

চণ্ডিকা বলিলেন—হে নাথ! গঙ্গাতে জ্ঞানের হারাই মৃক্তি হয়, যদি হ্ঞানপূর্বক মৃত্যু হয় তবেই। দেবহুর্লভ কারণ অর্থাৎ মদ্য গঙ্গা অপেক্ষাও অধিক।
[গঙ্গা অপেক্ষা শ্রেষ্ঠ কারণ, ইহা হুর্লভ এরপ অর্থও হইতে পারে]। ১৩
মহাদেব বলিলেন—হে দেবি! সুরাদেবী পূর্ণব্রহ্মময়ী, সুরগণের পৃঞ্জিতা
যে গঙ্গা, তাহা সুরার যোড়শভাগের একভাগের সমান। ১৪
সেইরূপ তুলসী দেবীও উহার শতাংশের এক অংশের সমান। যে-ব্যক্তি
মোক্ষপ্রার্থী ভাহার ভীর্থসেবারও প্রয়োজন নাই ১৫

মালার মধ্যে যেমন মহাশভার মালা মৃক্তিপ্রদ, সেইরূপ মদ্যও সর্বদা মৃক্তিদায়ক। ১৬

হে দেবি। মদ্য ব্যতিরেকে মুক্তিও তত্বপযোগী জ্ঞানাদি লাভ হয় না। মহাশদ্য ব্যতিরেকে মন্ত্রও সিদ্ধিদায়ক হয় না। ১৭

মহাশঙ্খাখ্য মালা সাক্ষাৎ ত্রহ্মময়ী। শালগ্রাম, তুলসী ও গঙ্গাতে ঐ মালা
স্পর্শ করাইবে না। স্পর্শ করাইলে কার্ছের হায় হইবে। ১৮

১। পরত্র্লভন্-ইতি কচিৎ পাঠ:।

শ্রীচণ্ডিকোবাচ—

গঙ্গা তু কারণং বারি মন্তং পরমকারণম্। কারণস্পর্নমাত্রেণ মালাঃ শুদ্ধা ভবস্তি হি॥ ১৯ গঙ্গাস্পর্নেন দেবেশ কার্ন্তবন্মালিকা কথম্। বদ মে পরমেশান ইতি মে সংশয়ো হৃদি॥ ২•

শ্রীশঙ্কর উবাচ—

কারণং দেবদেবেশি মোক্ষদং সবর্ব জাতিষু।
তথা স্বর্গাদিজনকং গঙ্গাতোয়ং ন সংশয়ঃ॥ ২১
কারণে নিবসেদ্ দেবি মহাকালী পরা কলা।
মহাবিভা বসেন্নিত্যং সুরায়াং পরমেশ্বরি॥ ২২
মহাশত্থা বসেন্নিত্যং পঞ্চাশদ্বর্ণরূপিণী।
মহাবিভা বসেন্নিত্যং মহাশত্থা চ সবর্ব দা॥ ২৩
গঙ্গাম্পর্শনমাত্রেণ গঙ্গায়াং লীয়তে প্রিয়ে।
কাষ্ঠস্পর্শনমাত্রেণ কাষ্ঠে বহিন্তৃণে যথা॥ ২৪
গঙ্গাস্পর্শন বিধা দেবি গঙ্গায়াং লীয়তে প্রিয়ে।
তৎক্ষণে চ মহাশভ্যঃ কাষ্ঠবন্নাত্র সংশয়ঃ॥ ২৫
শিলায়ত্তে তৃলস্থাদে তথিব পরমেশ্বরি॥ ২৬

দেবী বলিলেন—হে পরমেশ্বর! গঙ্গা ও মদ ছইই ত জলময়। মদ পরম কারণ, মেহেতু তাহার স্পর্নমাত্তেই মালাসমূহ বিশুক্ত হয়। কিন্তু গঙ্গাস্পর্নে মালা কার্চবং হয় কেন, ইহা বলুন, আমার মনে এই সন্দেহ হইতেছে। ১৯-২০

শক্ষর বলিলেন—কারণ সর্বজাতিতে মোক্ষপ্রদ এবং গ্রন্থাজন স্বর্গাদিজনক, ইহাতে সংশয় নাই। কারণাধ্য মন্মধ্যে পর্মকলারূপিণী মহাবিদ্যা মহাকালী নিয়ত অবস্থান করেন। পঞাশদ্বর্ণরূপিণী সেই মহাবিদ্যাই মহাশজ্ঞেও সর্ব্বদা অবস্থান করেন। ২২-২৩

গঙ্গার সহিত সংস্পর্ম ঘটিলে সেই মহাবিদ্যা গঙ্গাতে বিলীন হইয়া যান। বেমন তৃণস্থ বহ্নি কার্চ স্পর্মমাত্রেই কার্চে সংক্রমিত হইয়া যায়, সেইরূপ গঙ্গার সহিত সংস্পর্মে গঙ্গাতেই ভাহার বিলয় ঘটে এবং মহাশত্ম তংক্ষণাং কার্চবং হইয়া যায়। শালগ্রাম শিলা ও তুলসীতেও তাহাই ঘটিয়া থাকে। ২৪-২৬ মহাশঙ্খাখ্যমালায়াং যো জপেৎ সাধকোত্তমঃ।
অষ্টসিদ্ধিঃ করে তস্তু স এব শস্তুরব্যয়ঃ।
মৌলো গঙ্গা স্থিতা যস্তু গঙ্গাস্থানেন তস্য কিম্ ॥ ২৭
বারাণনী কামরূপং হরিদ্বারং প্রয়াগকম্।
গণ্ডকীং বদরিকাং দেবি গঙ্গাসাগরসঙ্গমম্, ॥ ২৮
যস্ত ভক্তিমহাশঙ্খে তস্য দর্শনমাত্রতঃ।
তীর্থস্পানফলং সর্বাং লভতে নাত্র সংশয়ঃ॥ ২৯
ইতি তে কথিতং কান্তে সর্বাং পরমন্থর্লভম্।
ন বক্তব্যং পশোরত্রে প্রাণাস্তে পরমেশ্বরি॥ ৩০
ইতি শ্রীমাতৃকাভেদতন্ত্রে হরগৌরী-সংবাদে
চতুর্থঃ পটলঃ॥ ৪॥

বে মহাসাধক মহাশন্ধ-মালায় জপ করেন অউসিদ্ধি তাঁহার করায়ত। তিনি সাক্ষাং শঙ্করম্বরূপ। মস্তকে যাঁহার গঙ্গা আছে তাঁহার গঙ্গামানের প্রয়োজন কি।২৭

মহাশন্ত্যের প্রতি যাহার ভক্তি আছে, তাহাকে দেখিলেই কাশী, কামাখ্যা, প্রয়াগ, হরিঘার, গণ্ডকী, বদরিকা, গঙ্গাসাগরসঙ্গম সমস্ত তীর্থসানের ফল লাভ হইয়া থাকে ৷ ২৮-২৯

হে প্রিয়ে! তোমার নিকট এই সমস্ত পরম হল্ল'ভ তত্ত্ব বলিলাম। ইহা প্রাণান্তেও পশ্বাচারীদের নিকট বলিবে না। ৩০

হর-গোরীর কথোপকথনে মাতৃকাভেদতন্ত্রের চতুর্ব পট**ল সমাপ্ত**। ৪

পঞ্চমঃ পটলঃ

শ্রীচণ্ডিকোবাচ— পারদং ভস্মনির্মাণং কেনোপায়েন শঙ্কর।

পারণং ভশ্মানমাণং কেনোপারেন শঙ্কর। তদহং শ্রোতুমিচ্ছামি যদি তেহস্তি কৃপা ময়ি।। ১

শ্রীশঙ্কর উবাচ---

পারদে ভস্মনির্মাণে নানাবিল্লানি পার্ব্বতি।
অতএব হি তত্রাদে শাস্তিং কুর্য্যাদ্ দ্বিজ্ঞান্তমঃ।। ২
বরয়েং কর্ম্মকর্ত্তারং বক্ষ্যমাণবিধানতঃ।
পূজয়েং ষোড়শং লিঙ্গং পার্থিবং পর্ব্বতাত্মজে।। ৩
ষোড়শেনোপচারেণ তোড়লোক্ত-বিধানতঃ।
ভোগাযোগ্যং প্রদাতব্যং মধুপর্কং সুরেশ্বরি।। ৪
পঞ্চামৃতেন দেবেশং স্থাপয়েচ্ছ দ্ববারিণা।
পুরুষস্য যথাযোগ্যং যুগ্মবন্ত্রং নিবেদয়েং।। ৫
চত্রঙ্গুলিবিস্তারং রোপ্যনির্মাণপীঠকম্।
অলংকারং যথাযোগ্যং পুরুষস্থা নিবেদয়েং।। ৬
অলক্তকর্তং বাপি দা, নালায় াং শিবে।
ষড়ঙ্গধূপং দেবেশি প্রদ্যাচচ পুনঃ পুনঃ॥ ৭

দেবী চণ্ডিকা বলিলেন—হে শঙ্কর! আমার প্রতি যদি আপনার কৃপা থাকে তবে কি উপায়ে পারদের ভন্ম নির্মাণ করিতে হয়, তাহা আমি ভনিতে ইচ্ছা করি। ১

শঙ্কর বলিলেন—পার্বতি। পারদভম্ম নির্মাণে নানা বিল্ল ঘটিয়া থাকে। এজন্ম তাহার পূর্বেই উত্তম ত্রাহ্মণ দারা শাস্তিকার্য্য করিতে হয়।২

কর্মকর্ত্তা ব্রাহ্মণকে বক্ষামাণ বিধানমত বরণ করিবে। যোড়শটি পার্থিব শিবলিক্ষের যোড়শোপচারে পূজা করিবে। ভোগযোগ্য মধুপর্ক প্রদান করিবে। ৩-৪

পঞ্চাম্ত ও শুদ্ধ বারিদারা মহাদেবকে স্থান করাইবে। পুরুষের পরিধান-যোগ্য বস্তুম্পল নিবেদন করিবে। চারি অঙ্গুলি পরিমিত রঞ্জভাসন এবং পুরুষের পরিধানযোগ্য অলংকার প্রদান করিবে। ৫-৬ মৃতযুক্তং তথা দীপং দন্তাৎ কল্যাণহেতবে। নৈবেজং বিবিধং রম্যং নানাফলসমন্বিতম্॥ ৮ শর্করাসংযুতং কৃত্বা পায়সং বিনিবেদয়েৎ। দগ্রাৎ তোয়ং মহেশানি বিজয়াসংযুতং প্রিয়ে।। ১ ষড়ক্ষরং মহামন্ত্রং গজান্তকসহস্রকম্। প্রজপেৎ সাধকভ্রেষ্ঠস্ততঃ সিদ্ধো ভবেদ ধ্রুবম্ ।। ১০ অথবা প্রমেশানি ধনদাং ধনদায়িনীম । পূজয়েদ্ বহুষত্নেন ষোড়শেনোপচারতঃ॥ ১১ দ্বাদশাহং যজেদ ধীমান দিক্সহস্রং ততে। জপেৎ। তদ্দশাংশং মহেশানি হোমং কুৰ্য্যাদ বিচক্ষণঃ॥ ১২ হোমকর্মাণ্যশক্তশ্চেদ দ্বিগুণং জপমাচরেং। যদি প্রীতা ভবেৎ সা হি তদা কিং বা ন সিধাতি॥ ১৩ প্রত্যহং পরমেশানি ক্বেরো দীয়তে বস্থ। ভস্মনির্ম্মাণকং দেবি। বিচিত্রং তস্ত্র কিং শিবে ॥ ১৪ গুরবে দক্ষিণাং দত্যাদ যথাবিভববিস্তরৈঃ। ততঃ সিদ্ধো ভবৈন্মন্ত্রী নাত্র কার্য্যা বিচারণা ॥ ১৫

চন্দন ও অলক্তক দান করিবে এবং পুনঃপুনঃ ষড় প্র ও কল্যাণার্থে ছত
যুক্ত দীপ দান করিবে। নানাফলযুক্ত রমণীয় বিবিধ নৈবেল, শর্করাযুক্ত পায়স
ও সিদ্ধিসংযুক্ত জল নিবেদন করিবে। ৭-৯

অনন্তর যড়ক্ষর মহামন্ত্র অফ্টোত্তরসহস্র [অথবা অফ্টাবিংশতি সহস্র] সংখ্যক ক্ষপ করিবে। এইরূপ করিলে উত্তম সাধক নিশ্চয়ই সিদ্ধিলাভ করিতে পারিবেন। ১০

হে পরমেশ্বরি ! অথবা অতিশয় যতু সহকারে ধনদায়িনী ধনদাদেবীর ষোড়শোপচারে পূজা করিবে ৷ ছাদশ দিন পর্যন্ত পূজা করিয়া অনন্তর দশ হাজার ধনদামল্র জপ করিবে এবং তাহার দশাংশ সংখ্যক হোম করিবে । হোম করিতে অসমর্থ হইলে দ্বিগুণ জপ করিবে । যদি ধনদা দেবী প্রসন্না হন তবে কোন্ কার্যাই বা সিদ্ধ না হয় ৷ ১১-১৩

প্রতিদিন কুবের তাহাকে ধনদান করিবেন। পারদভশ্ম নির্মাণ করা তাহার পক্ষে আর বিচিত্র কি? বিভবানুসারে গুরুকে প্রচুর দক্ষিণা দান

গ্রীচণ্ডিকোবাচ—

বিধানং দেবদেবেশ ভত্মনির্ম্মাণকর্মণি।
সকুৎ কৃতে যেন রূপেণ ভত্মসাজ্জায়তে বিভো॥ ১৬
শ্রীশক্ষর উবাচ—

আনীয় পারদং দেবি ! স্থাপয়েৎ প্রস্তরোপরি ।
তস্যোপরি জপেন্মস্তং সর্ববন্দ্যনবাত্মকম্ ॥ ১৭
সাষ্টং সহস্রং দেবেশি প্রজপেৎ সাধকাগ্রণীঃ ।
স্বয়স্তুপুপ্পসংযুক্তে বস্ত্রে চারুণসন্নিভে ॥ ১৮
সংস্থাপ্য পারদং দেবি মৃৎপাত্রযুগলে শিবে ।
পুপাষুক্তেন স্ত্রেণ বধীয়াদ্ বহুযত্মতঃ ॥ ১৯
মৃত্তিকয়া চ রজসা ধাত্মস্থা পরমেশ্বরি ।
লেপয়েদ্ বহুযত্মেন রৌদ্রে শুক্তং চ কারয়েৎ ॥ ২০
পুনশ্চ লেপয়েদ্ ধীমান্ ততো বহুলী বিনিক্ষিপেৎ ।
অষ্টমী-নবমী-রাত্রো ক্ষিপেন্নৈব স্থরেশ্বরি ॥ ২১
অথবা পরমেশানি মৃৎপাত্রে স্থাপয়েন্দ্রসম্ ।
বল্লীরসেন তদ্ দ্রস্থাং শোধয়েৎ বহুযত্নতঃ ॥ ২২

করিবে। মন্ত্রজ্পকারী ব্যক্তি তাহা হইলে সিদ্ধিলাভ করিবে ইহাতে সংশয় করিবে না। ১৪-১৫

চন্তিকা দেবী বলিলেন—হে প্রভো। পারদ ভন্ম করিবার বিধান কি? যে প্রকারে একবার করিলেই পারদ ভন্মীভূত হইয়া যাইবে। ১৬

শঙ্কর বলিলেন—হে দেবি ! পারদ আনিয়া প্রস্তরোপরি স্থাপন করিবে। তহপরি সকলের বন্দনীয় নবাক্ষরমন্ত্র ১০৮ বার জপ করিবে। পরে স্বয়ভু পূজ্প-সংযুক্ত অরুণবর্ণ বস্ত্রে পারদ স্থাপন করিয়া হুইটি মংপাত্রে ঐ পূজ্পযুক্ত সূত্রশ্বার। বহুষত্বে বন্ধন করিবে। ১৭-১৯

পরে উহা মাটি ও ধাত্যের ধূলা দিয়া উত্তমরূপে লেপন করিব্রা রৌদ্রে শুদ্র করিবে এবং পুনরায় লেপন করিবে ও তংপরে অগ্নিভে নিক্ষেপ করিবে। অফ্টমী ও নবমীর রাত্রিভে উহা অগ্নিভে নিক্ষেপ করিবে না। ২০-২১

হে পরমেশ্বরি! অথবা মুংপাত্রে পারদ স্থাপন করিয়া উহা নাগবলীর রুদে

ঘৃতনারীরসেনৈব তথৈব শোধনং চরেং।
এবং কৃতে তু গুটিকাং যদি স্থাদ্ দৃঢ়বন্ধনম্॥ ২৩
ধৃস্তুরঞ্চ সমানীয় মধ্যে শৃষ্থাং চ কারয়েং।
কৃষ্ণাখ্যতুলসীযোগে তথা ঘৃতকুমারিকা॥ ২৪
এবং কৃতে বহ্নিযোগে ভস্মসাজ্জায়তে কিল।
ভস্মযোগে ভবেং স্বর্ণং ধনদায়াঃ প্রসাদতঃ॥ ২৫
বিবর্ণং জায়তে দ্রব্যং যদি পৃজাং ন চাচরেং॥ ২৬

গ্রীচণ্ডিকোবাচ—

স্বয়স্তু কীদৃশং নাথ ক্ওগোলন্ত কীদৃশম্ ? স্বপূত্যং কীদৃশং নাথ বজ্ঞপুত্যং তু কীদৃশম্। সর্ববিকালোন্তবং নাথ কীদৃশং বদ শঙ্কর॥ ২৭

শ্রীশঙ্কর উবাচ---

বিবাহরহিতা কন্যা প্রথমং পুষ্পসংযুতা।
তচ্ছোণিতং মহেশানি স্বয়স্থ নাত্র সংশয়ঃ॥ ২৮
ভর্ত্তরি বিগুমানে তু যা কন্যা চান্যজা শিবে।
তত্বন্তবং কুণ্ডপুষ্পং সর্বকার্যার্থসাধকম্॥ ২৯
মতে ভর্ত্তরি দেবেশি যা কন্যা অন্যজা শিবে।
তত্বন্তবং গোলপুষ্পং দেববশ্যকরং প্রম্॥ ৩০

ষত্রপূর্বক শোধন করিবে। পরে ঘৃতকুমারীর রুসে আবার শোধন করিবে।
এরপ করিলে যদি বেশ শক্ত গুটি বাঁধে তাহা হইলে ধৃতুরার ফল আনিরা
ভাহার মধ্যে গর্ত্ত করিয়া কৃষ্ণতুলসী ও ঘৃতকুমারীর সহিত উহার মধ্যে অগ্নিসংযোগে দগ্ধ করিলে ভস্মীভূত হইবে। ঐ ভদ্ম সংযোগ করিলে ধনদা দেবীর
প্রসাদে বর্ণও হইতে পারে। যদি পূজা না করা হয় তবে ঐ দ্রব্য বিবর্ণ হইরা
ষাইবে। ২২-২৬

চণ্ডিকা বলিলেন—হে নাথ! বয়ভূ পুষ্প কিরূপ? কুণ্ড পুষ্প, গোলপুষ্প, ৰপুষ্প, বল্পপুষ্প ও সর্বাকালোম্ভব পুষ্প কাহাকে বলে বলুন। ২৭

শঙ্কর বলিলেন—অবিবাহিতা কলার প্রথম পৃষ্পদর্শনে অর্থাং প্রথম রক্ষঃমলা বা ঋতুমতী হইলে দেই শোণিতকে স্বয়ন্ত্ বলে। স্বামী বিদ্যমানে পরজাতা যে কলা তাহার পৃষ্প কৃত্তপুষ্প, ইহা সর্ব্বকার্য্যসাধক। স্বামীর মৃত্যুর পরে

বিবাহিতায়া কন্মায়াঃ প্রথমে ঋতুসম্ভবে। তচ্ছোণিতং মহেশানি স্বপুষ্পং সর্ব্বমোহনম্॥ ৩১ বিবাহিতায়াঃ কন্সায়াঃ পুরুষস্ত চ তাড়নাং। যদি পুষ্পং সম্ভূতং বজ্রং তৎ পরিকীর্ত্তিতম্॥ ৩২ বিবাহিতায়াঃ কন্মায়াঃ প্রতিমাসে চ যদ্ভবেং। সর্ব্বকালোম্ভবং পুষ্পং কথিতং বীরবন্দিতে॥ ৩৩ সপ্তক্রোশং^১ বহ্নিমধ্যে স্থাপয়েদ্ বহুযত্মতঃ। তত উত্থাপিতং দ্রব্যং স্বর্ণপাত্তে নিধায় চ॥ ৩৪ প্রজপেৎ পরমেশানি প্রাসাদাখ্যং মহামমুম্। ততঃ সিদ্ধো ভবেন্মন্ত্রী নাগ্রপা মম ভাষিতম্॥ ৩৫ এতন্মন্ত্রং মহেশানি গজাস্তক–সহস্রকম্। জপিত্বা পূজ্ঞয়েৎ পশ্চাৎ পার্থিবং শিবলিন্তকম্॥ ৩৬ ততঃ পরীক্ষা কর্তব্যা শূনু মৎপ্রাণবল্লভে। শুদ্ধতাম্রং বহ্নিমধ্যে মৃৎপাত্রে তোলকং মিতম্।। ৩৭ দ্রবীভূতে চ তাম্রে চ গুঞ্জামানং ক্ষিপেৎ যদি। তৎক্ষণে পরমেশানি স্বর্ণং ভবতি নিশ্চিতম্॥ ৩৮

অশুজাতা যে কন্ম তাহার পূপ্প গোলপুপ্প। ইহা দেববশ্যকারক। বিবাহিতা কন্মার স্বাভাবিকভাবে প্রথম ঋতুদর্শনে সেই শোণিত স্বপূ্প্প, ইহা সর্ব্বপ্রকার মোহন-কার্যের সাধক। বিবাহিতা কন্মার পুরুষের তাড়নার ফলে ঋতুদর্শন হউলে তাহা 'বঙ্কপুষ্প' পদবাচা। বিবাহিতা কন্মার প্রতিমাসে স্বাভাবিক ষে ঋতু হয় উহা সর্ব্বকালোন্তব পুষ্পারূপে কথিত। ২৮-৩৩

সপ্ত প্রহর যাবং বহ্নি মধ্যে উহা রাখিতে হইবে। পরে সেই দ্রব্য উত্তোলিত করিয়া স্থলপাত্তে স্থাপন করতঃ প্রামাদমন্ত্র (হোঁ) জ্বপ করিবে। তাহাতে মন্ত্র জপকারী ব্যক্তি সিদ্ধিলাভ করিবে। আমার বাক্য অভ্যথা হইবে না ॥ ৩৪-৩৫

এই মন্ত্র অফীধিক সহস্র (অথবা ২৮ হাজার) জপ করিয়া পরে পুনরায় পার্থিব শিবলিঙ্গের পূজা করিবে॥৩৬

ভারপর পরীক্ষা করিয়া দেখিবে। পরীক্ষার প্রণালী শ্রবণ কর। বিশুদ্ধ

গুঞ্জাপ্রমাণং তদ্ দ্রবৃং ভোজনং কুরুতে যদি।
সর্ববোগপরিত্যক্তো জায়তে মদনোপমঃ॥
মন্ত্রসিদ্ধির্ভবেৎ তস্তু জায়তে চিরজ্ঞীবিতা।। ৩৯
প্রত্যহং পরমেশানি শতনারীং রমেদ্ যদি।
বীর্য্যাদিরহিতং ন স্থাৎ তেজোবৃদ্ধিকরং পরম্।। ৪০
মরণং নৈব পশ্যামি যদি ব্যালযুতো ভবেৎ।
তস্য বিত্তং বিলোক্যৈব ক্বেরোহপি তিরস্কৃতঃ॥ ৪১
গানেন তুস্কুরুঃ সাক্ষাদ্ দানেন বাসবো যথা।
মহেশ ইব যোগীক্রো নিশ্ব তিরিব ছর্দ্ধরঃ॥ ৪১
মহাবলো মহাবীর্য্যো মহাসাহসিকঃ শুচিঃ।
মহাস্বচ্ছো দ্যাবাংশ্চ সর্ব্বপ্রাণিহিতে রতঃ।
বহু কিং কথ্যতে দেবি! স এব গণনায়কঃ॥ ৪৩

ইতি শ্রীমাতৃকাভেদতন্তে হরগৌরীসংবাদে পঞ্চমঃ পটলঃ॥ ৫॥

ভাষ এক ভোলা মুংপাত্রে বহ্নিমধ্যে স্থাপন করিবে। ঐ তাম দ্রবীভূত হইলে (গলিয়া গেলে) ঐ তাম মধ্যে সেই দ্রব্য এক রতি পরিমাণে নিক্ষেপ করিলে ভাষা তংকণাং স্থর্ণে পরিণত হইবে, ইহা নিশ্চিত। ৩৭-৩৮

যদি ঐ ভস্ম এক রতি পরিমাণ কেহ ভক্ষণ করে তবে তাহার কোন রোগ থাকিবে না। তাহার মদনের শায় রূপলাবণ্য হইবে। মন্ত্রসিদ্ধি হইবে এবং শে ব্যক্তি চিরঞ্জীবী হইবে। প্রতিদিন শতনারী সংসর্গেও তাহার বল-বীর্য্যাদি মাটুট থাকিবে। উহা অত্যস্ত তেজোবর্দ্ধক ॥ ৩৯-৪০

সাপের বিষেও তাহার মৃত্যু হইবে না। তাহার ধনৈশ্বর্যো কুবেরও পরাভৃত হইবে। স্ক্লীতে সাক্ষাং তুল্লুক্লয়রূপ হইবে। দানে ইব্রুভুলা, মহাদেবের ভায় যোগিরাজ, রাক্ষদের ভায় গ্রিষ্ হইবে। ৪১-৪২

দে ব্যক্তি মহাবলশালী, মহাসাহসী, উদার চরিত্র, দয়ালু, সরল, সর্বপ্রাণীর হিত্তশাধনে নিরত হইবে। বেশী কি বলিব, সে ব্যক্তি সাক্ষাং গণপতি-স্বরূপ হবে (অথবা জননায়ক হইবে।)। ৪৩

হরপার্বভীর কথোপকথনে মাতৃকাভেদভম্বের পঞ্চম পটন সমাপ্ত। ৫

১। ক্রোশং প্রহরমিতি কল্মিংনিচং পুতকে টিপ্লণ্যামন্তি।

ষষ্ঠঃ পটলঃ

ত্রীচণ্ডিকোবাচ—

বদ ঈশান সর্বজ্ঞ সর্বতত্ত্বিদাং বর।
মহারোগে মহাছঃখে মহাদারিদ্র্যসঙ্কটে॥ ১
নানাব্যাধিগতে বাপি নানাপীড়াদি-সঙ্কটে।
রাজ্যনাশে রাজভয়ে কারাগারগতে পুনঃ॥ ২
রাজদণ্ডে চ দেবেশ তথা চ গ্রহপীড়িতে।
কেনোপায়েন দেবেশ মূচ্যতে বদ শঙ্কর॥ ৩

শৃণু চার্ব্বঙ্গি স্থভগে যন্মাং স্থং পরিপৃচ্ছসি। তত্তৎ সর্ব্বং প্রবক্ষ্যামি সাবধানাবধারয়॥ ৪ যা শ্রম্ভা পরমা বিভা চামুগুা কালিকা পরা। তস্তাঃ প্রয়োগমাত্রেণ কিং ন সিধ্যতি ভূতলে॥ ৫

শ্রীশঙ্কর উবাচ—

খ্রীচণ্ডিকোবাচ—

রাহুশ্চাণ্ডাল-বিখ্যাতঃ সর্ব্বত্র পরমেশ্বর!
পুণ্যকালঃ কথং দেব তস্য স্পর্শে দিবাকরে ॥ ৬
নিশাকরে তথা নাথ ইতি মে সংশয়ো হৃদি।
কথয়স্থ পরানন্দ পশ্চাদন্যৎ প্রকাশয়॥ ৭

চণ্ডিকা বলিলেন—হে সর্বজ্ঞে। সমস্ত তত্ত্ব আপনার সুবিদিত। মহারোগ, মহাত্বংখ, মহালারিদ্রান্ধনিত নানাসকট, নানারোগের সাক্ষর্য্য, কিংবা রাজ্যনাল, রাজভীতি, কারাবাস কিংবা অল্যবিধ রাজ্যণত, গ্রহপীড়া প্রভৃতি নানাপ্রকার নিপীড়ন উপস্থিত হইলে কি উপায়ে লোকে তাহা হইতে মুক্তি পাইতে পারে তাহা বলুন। ১-৩

শকর বলিলেন—হে সৃভগে, তুমি আমাকে যাহা জিজ্ঞাসা করিতেছ তং সমস্তই বলিতেছি প্রবশ কর। কালিকানায়ী যে আঢ়া মহাবিলা—চামুণ্ডা যাঁহার অপর নাম, তাঁহার মন্ত্র প্রয়োগ করিলে পৃথিবীতে কোন্ কার্য্য সিদ্ধ না হয়। ৪-৫

চণ্ডিকা বলিলেন—হে পরমেশ্বর! রাভ চাণ্ডাল বলিয়া সর্বাত বিখগাত।

শ্রীশঙ্কর উবাচ—

শুণু চার্কঙ্গি স্বভগে গ্রহণঞ্চোত্তমোত্তমন্। গ্রহণং ত্রিবিধং দেবি চন্দ্রসূর্য্যাগ্ন-সংযুত্ম ॥ ৮ শক্তেৰ্লাটকে নেত্ৰে বহ্নিস্তিষ্ঠতি সৰ্বদা। বামনেত্রে তথা চন্দ্রো দক্ষে সূর্য্যঃ প্রতিষ্ঠিতঃ॥ ১ শস্তুনাথেন দেবেশি রমণং ক্রিয়তে যদা। তদৈব গ্রহণং দেবি শক্তিযুক্তো যদা শিবঃ ॥ ১০ বামনেত্রে চুম্বনে তু শশাক্ষ-গ্রহণং তদা। দক্ষনেত্রে চুম্বনে তু ভাস্করগ্রহণং তদা॥ ১১ ললাটে চুম্বনে চাগ্নিগ্রহণং প্রমেশ্বরি। শিববীর্য্যং যতো বহ্নিরতোহদৃশ্যঃ স্থরেশ্বরি ॥ ১২ রাহুঃ শিবঃ সমাখ্যাতন্ত্রিগুণা শক্তিরীরিতা। শিবশক্তোঃ সমাযোগো গ্রহণং পরমেশ্বরি॥ ১৩ श्वित्रभक्ति-नमार्याग-कार्ला बन्नमशः भिरव । অতএব মহেশানি রাশ্যাদীন ন বিচারয়েৎ॥ ১৪ তিথিনক্ষত্রযোগেন যদুযোগং পরমেশ্বরি! তদৈব প্রমেশানি রাশ্যাদিগণনং চরেং॥ ১৫

স্থা বা চল্রে ভাহার স্পর্ণ ঘটিলে ভাহা পুণ্যকাল হয় কেন-এই সংশয় আমার মনে জাগিয়াছে। অগ্রে ইহা বলুন, পরে অন্য কথা বলিবেন॥ ৬-৭

শক্ষর বলিলেন—শোন, গ্রহণ অভি উত্তম বস্তু। চন্দ্র, সূর্য্য ও অগ্নির সহিত সংযোগে উহা তিন প্রকার। শক্তির ল্লাটনেত্রে সর্ব্বদা বহিন্ন অবস্থিত। বামনেত্রে চন্দ্র এবং দক্ষিণনেত্রে সূর্য্যের অবস্থান। শক্তির সহিত শিবের সঙ্গমকালে এই ত্রিবিধ গ্রহণ ঘটিয়া থাকে । ৮-১০

বামনেত্রে চ্ছানকালে চন্দ্রপ্রহণ; দক্ষিণনেত্রে সুর্য্যগ্রহণ এবং ললাটে চ্ছানকালে অগ্নিগ্রহণ হইয়া থাকে। অগ্নিয়ে:হতু শিববীর্য্য সেই হেতু উহা দৃষ্টিগোচর হয় না। রাছ শিব এবং শক্তি গুণত্রয়বতী বলিয়া অভিহিত। শিব ও
শক্তির সংযোগই গ্রহণ। শিব ও শক্তির সংযোগ কালটি ব্রহ্মময়। এজন্ম ঐ
সময়ে রাখাদি বিচার করিতে নাই। যথন কেবল তিথি-নক্ষত্র সংযোগেই

শিবশক্তিসনাযোগাৎ সর্বাং ব্রহ্মময়ং জগৎ।
নাসপক্ষতিথানাঞ্চ নোচ্চার্য্যং পরমেশ্বরি ॥ ১৬
দৃষ্টিমাত্রেণ জপ্তব্যং তদা সিদ্ধির্ভবেদ্ ধ্রুবম্।
তৎকালং পরমং কালং বিজ্ঞেয়ং বীরবন্দিতে।। ১৭
তত্র যদ্ যৎ কৃতং সর্বামনস্তফলমীরিতম্।
পুরৈব কথিতং সর্বাং বহু কিং কণ্যতেহধুনা।। ১৮
এতং স্থপ্তপ্রভেদং হি তব স্নেহাৎ প্রকাশিতম্।
ন বক্তব্যং পশোরত্রো ন বক্তব্যং স্থরেশ্বরি ॥ ১৯
এতং তত্ত্বং প্রয়েত্বন ব্রহ্মা জানাতি মাধবঃ।
প্রগোপ্তব্যং প্রয়েত্বন স্বয়োনিরিব শৈলজে।। ১০

ঐাচণ্ডিকোবাচ—

চামুগুায়া মহামন্ত্রং কীদৃশং পরমেশ্বর।
আরাধনং কীদৃশং বা তদ্ বদস্ব দয়ানিধে॥ ২১
শ্রীশক্কর উবাচ—

শৃণু চার্কাঙ্গ স্থভগে চামুণ্ডামন্ত্রমুত্তমম্। যস্য বিজ্ঞানমাত্রেণ পুনর্জন্ম ন বিছতে ॥ ২২

গ্রহণের যোগটা ঘটে [প্রকৃতপক্ষে গ্রহণ দৃষ্টিগোচর হয় না] তখনই রাখ্যাদি বিচার করিবে ৷ ১১-১৫

শিব ও শক্তির সাক্ষাৎ সংযোগে সমস্ত জগৎ ব্রহ্মময় হইয়া যায়। তৎকালে মাস, পক্ষ, তিথিরও উল্লেখ অনাবশ্যক। দৃষ্টিমাত্রই সেই প্রম শ্রেষ্ঠ কালটী ব্যাপিয়া জপ করিতে থাকিবে। তাহা হইলে সিদ্ধিলাভ সুনিশিতে জানিবে। ১৬-১৭

এই সময়ে অনুষ্ঠিত সমস্ত কার্য্যের অনস্ত ফল। পূর্ব্বেই ত সমস্ত বলিয়াছি। এখন আর বেশী কি বলিব ॥ ১৮

এই অতি গোপনীর বিষয়টা স্নেহবশতঃ তোমাকে বলিলাম। পশ্বাচারীর নিকট ইহা কদাপি প্রকাশ করিতে নাই। এই ভত্ত্বক্লাও বিষ্ণু অবগত আছেন। হে পাঠ্বতি! ইহা নিজ্যোনির ন্যায় গোপন রাখিবে॥ ১৯-২০

চপ্তিকা বলিলেন—কৃপাময়! এক্ষণে চামুপ্তার মন্ত্র ও আরাধনার বিধান কি বলুন।২১ কালীবীজযুগং দেবি কৃষ্ঠবীজং ততঃ পরম্।

ত্রাক্ষরী পরমা বিল্লা চামুণ্ডা কালিকা স্বয়ম্।। ২০

সপ্তাহং পূজয়েদ্ দেবীমুপচারৈশ্চ ষোড়শৈঃ।

পূজান্তে প্রজপেনস্তং ত্রিসহস্রং বরাননে॥ ২৪
রাত্রো তু পঞ্চতত্ত্বেন পূজয়েৎ পরমেশ্বরীম্।

তথা রাত্রো জপেন্মন্তং কুলশক্তি-সমন্বিভম্॥ ২৫

যন্ত্রনির্মাণযোগ্যং হি পীঠং দল্লাৎ স্থবিস্তরম্।

ভোগযোগ্যং প্রদাতব্যং মধুপর্কং যথোচিতম্॥ ২৬

শক্তের্যথা বিধেয়ং স্থাদ্ যুবত্যা পরমেশ্বরি।

তথা বস্ত্রং প্রদাতব্যং সর্ককল্যাণহেতবে॥ ২৭

অলংকারং যথাযোগ্যং তত্র তত্র নিযোজয়েং।

নৈবেল্যং বিবিধং রম্যং নানাদ্রব্যসমন্বিতম্॥ ২৮

সামিষারং প্রদাতব্যং পরমান্ত্রং সশক্রম্।

পূজয়েৎ পরয়া ভক্ত্যা বলিদানং ততঃ পরম্। ২৯

শক্ষর বলিলেন—চাম্ভার মন্ত্র বলিতেছি প্রবণ কর, যাহা জ্ঞানা মাত্রই পুনর্জন্ম বন্ধ হইয়া যায়। ত্বটী কালী-বীজ্ঞের পরে একটী কৃষ্ঠ বীজ যোগ করিলে চাম্ভার ত্রাক্ষর মহামন্ত্র হইবে। ক্রী ক্রীং হু—এই মন্ত্র সাক্ষাং কালিকাষ্ত্রপ ॥ ২২-২৩

সপ্তাহ কাল প্রতিদিন ষোড়শোপচারে দেবার পুজা করিবে। পূজাতে তিন হাজার করিয়া মন্ত্র জপ করিবে। রাজিকালে পঞ্চত্ত্ব ঘারা পূজা করিবে এবং কুলশক্তির সহিত মন্ত্র জপ করিবে। যন্ত্রনির্মাণ-যোগ্য বিস্তীর্ণ আদন দান করিবে। ভোগযোগ্য যথোচিত মধুপর্ক দিবে। মুবতী রমণীর যোগ্য বস্ত্র দান করিবে, তাহাতে সমস্ত কল্যাণ হইবে। যথাযোগ্য অলংকার যথাস্থানে সন্নিবেশিত করিবে। নানাদ্রব্য-সমন্ত্রিত বিবিধ নৈবেদ, সামিষ অন্তর্ম, শর্করাযুক্ত পরমান্ন প্রদান করিবে। পরমভক্তি সহকারে পূজা করিবে। তারপর বলিদান করিবে। অথবা প্রতিদিন আদি ও অন্তে বলিদান করিবে, কিংবা পূজা সাঙ্গ হইলেও বলিদান করিতে পারা যায়। এইরপ করিলে

প্রত্যহং পরমেশানি চাছান্তে বা বলিং হরেৎ সাঙ্গে জাতে মহেশানি চাথবা বলিমাহরেং॥ ৩॰ এবং কুতে মহাসিদ্ধিং লভতে নাত্র সংশয়ঃ। ধনার্থী ধনমাপ্নোতি পুত্রার্থী পুত্রবান্ ভবেং॥ ৩১ বিবাদে ক্রয়মাপ্নোতি রাজদ্বারে জয়ী ভবেং। সর্বত্র বিজয়ী ভূত্বা দেবীপুত্র ইব ক্ষিতো ॥ ৩২ রোগেভ্যো ঘোররূপেভ্যঃ পৃজয়িত্বা প্রমূচ্যতে। ইচ্ছাসিদ্ধির্ভবেৎ তস্ম সর্ব্বসিদ্ধিন চান্যথা॥ ৩৩ কারাগারে গতে দেবি মুচ্যতে নাত্র সংশয়ঃ। প্রয়োগং পরমেশানি সারং পরমত্র্পভ্রম্॥ ৩৪ অতিস্নেহেন দেবেশি তব স্থানে প্রকাশিতম্॥ ৩৫ অথবা প্রমেশানি ! পঠেচ্চণ্ডীং সনাতনীম্। পৃত্তয়েচ্চণ্ডিকাং দেবীং সুগদ্ধি-পুষ্পসংষ্টৈওঃ ॥ ৩৬ ধূপদীপেন গন্ধেন নৈবেছেন স্থরেখরি। অবশ্যং পঞ্চতত্ত্বন পূজয়েচ্চণ্ডিকাং পরাম্॥ ৩৭ আদার্য্যাদিস্কেন চার্ঘ্যান্তে পরমেশ্বরি। পঞ্চতত্ত্বং সমানীয় শোধয়েচ্ছাস্ত্রবিত্তমঃ॥ ৩৮

মহতী সিদ্ধি লাভ হইবে। ধনার্থী ব্যক্তি ধন ও পুত্রার্থী পুত্র লাভ করিবে।
বিবাদে বিজয়ী হইবে, রাজদারে জয়লাভ হইবে। সর্বত্র বিজয়ী হইয়া
ক্ষিতিতলে দেবীর পুত্রের ন্যায় হইবে। এইভাবে প্রাণা করিয়া ভয়াবহ
রোগাবলী হইতে মুক্ত হইবে। ইচ্ছাসিদ্ধি ও সর্ববিসিদ্ধি হইবে। কারাগারগত হইলে মুক্তি পাইবে, সন্দেহ নাই। হে পরমেশ্বরি! এই প্রয়োগ অত্যংকৃষ্ট, পরম হর্লভ। অভ্যন্ত স্লেহবশে ভোমার কাছে প্রকাশ করিলাম ৪
২৪-৩৫

